নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta

সত্য প্রকাশে অবিচল

সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত

রোববার

রেজিঃ নং-চ-৫১৩
১১ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৬৮
২৬ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৮ রবিঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা

E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুর শহরের জনবহুল স্থানে স্পিড ব্রেকার না থাকায় বাড়ছে সড়ক দুর্ঘটনার ঝুঁকি।

শিক্ষা প্রতিষ্ঠান ও জনবহুল এলাকায় দ্রুতগতির যানবাহন নিয়ে উদ্বেগ

চাঁদপুর শহরে স্পিড ব্রেকার না থাকায় বাড়ছে দুর্ঘটনার ঝুঁকি

সাইফুল ইসলাম আকাশ

চাঁদপুর শহরের আঞ্চলিক ও মহাসড়কের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্পিড ব্রেকার (গতি রোধক) অপসারণের পর তা পুনরায় স্থাপন বা সংস্কার না করায় সড়ক দুর্ঘটনার ঝুঁকি দিন দিন বাড়ছে। বিশেষ করে স্কুল, মাদ্রাসা ও জনবহুল এলাকায় দ্রুতগতির যানবাহনের বেপরোয়া চলাচলের ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে শারদীয় আমেজ: ২৩২ মণ্ডপে চলছে রং-তুলির শেষ আঁচড়

স্টাফ রিপোর্টার

প্রকৃতিতে শরতের আগমনী বার্তার সাথে সাথে চাঁদপুরে শারদীয় দুর্গাপূজাকে ঘিরে চলছে শেষ মুহূর্তের ব্যস্ততা। জেলার ৮টি উপজেলার ২৩২টি পূজামণ্ডপে প্রতিমা তৈরি, আলোকসজ্জা ও প্যান্ডেল সাজানোর কাজ এখন প্রায় ২-এর পাতায় দেখুন

মতলবে মেঘনা নদীতে অভিযান, গ্রেপ্তার ৩

মতলব উত্তর প্রতিনিধি

মা ইলিশ রক্ষায় ২২ দিনের নিষেধাজ্ঞা শুরুর তৃতীয় দিনে মতলব উত্তরে মেঘনা নদীতে অভিযান চালিয়ে অবৈধ চায়না চাই জব্দ করেছে নৌ পুলিশ। এ সময় ২-এর পাতায় দেখুন

ফেসবুকে ধর্ম অবমাননা করে পোস্ট

মতলবে বাড়ি ঘেরাও করে অভিযুক্তকে পুলিশে সোপর্দ

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ধর্ম অবমাননা করে পোস্ট দেওয়ার অভিযোগে মো. হাশেম (৫৩) নামের এক ব্যক্তিকে আটক করে পুলিশে দিয়েছে এলাকাবাসী। গত শুক্রবার বিকেলে বাড়ি ঘেরাও করে তাঁকে আটক করা হয়। খবর পেয়ে ২-এর পাতায় দেখুন

হাইমচরে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক।

হাইমচরে শিক্ষার মানোন্নয়নে মতবিনিময় সভা

শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও দায়িত্বশীলতা নিশ্চিত জরুরি

-----শেখ ফরিদ আহম্মেদ মানিক এমপি

স্টাফ রিপোর্টার

হাইমচর উপজেলা শিক্ষার মানোন্নয়নে করণীয় নির্ধারণে পরিচালনা কমিটিসমূহের সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১০ অক্টোবর) সকাল সাড়ে ১০টায় হাইমচর উপজেলা প্রশাসনের আয়োজনে দূর্গাপুর হাই স্কুল এন্ড কলেজে মিলনায়তনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক। তিনি ২-এর পাতায় দেখুন

শিক্ষার গুণগত মানোন্নয়ন সেমিনারে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাউশি ডিজি প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল।

চাঁদপুরে শিক্ষার মানোন্নয়নে সেমিনার

দক্ষ ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শিক্ষকদের অবদান অনস্বীকার্য

----- প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল

নিজস্ব প্রতিবেদক

চাঁদপুর জেলা শিক্ষা অফিসের আয়োজনে এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল কলেজ, বাবুরহাট শাখার ব্যবস্থাপনায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষক ও কর্মকর্তাদের সাথে শিক্ষার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে এক মতবিনিময় সেমিনার অনুষ্ঠিত হয়েছে । গতকাল শনিবার (১০ অক্টোবর) বেলা সাড়ে ১২টায় কলেজের মিলনায়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল। তিনি বলেন, "২৪-এর গণ-অভ্যুত্থানের মাধ্যমে আমরা কাজ করার সুযোগ পেয়েছি। দক্ষ, মানবিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শিক্ষকদের অবদান অপরিসীম। শিক্ষকদের অবসর সুবিধা প্রদানে বর্তমান সরকার অত্যন্ত আন্তরিক।" তিনি জানান, ২-এর পাতায় দেখুন

চাঁদপুর ইসলামপুর গাছতলা দরবার শরিফের খাজা আবু সাঈদ ইসলামপুরী (রহ.)-এর ওফাত দিবস ও পবিত্র সীরাতুন্নবী (সা.) উপলক্ষে এ মাহফিলে প্রধান আলোচক হিসেবে বক্তব্য রাখেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গবেষক মুফতি আলী হাসান উসামা।

দুই আড়তদারের জরিমানা, ইলিশ ও নিষিদ্ধ কারেন্টজাল জব্দ

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলার পদ্মা-মেঘনা নদী ও বিভিন্ন মাছঘাট এলাকায় মা ইলিশ সংরক্ষণ অভিযান চালিয়ে ৩০ কেজি ইলিশ ও ১০ হাজার মিটার নিষিদ্ধ কারেন্টজাল জব্দ করা হয়েছে। এ সময় ইলিশ মজুতের অপরাধে দুই আড়তদারকে মোট ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

শনিবার (১০ অক্টোবর) ভোর ৫টা থেকে সকাল ৯টা পর্যন্ত পরিচালিত এ অভিযানে নেতৃত্ব দেন জেলা প্রশাসকের ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে পবিত্র সীরাতুন্নবী (সা.) উপলক্ষে তাফসীরুল কুরআন মাহফিল

স্টাফ রিপোর্টার

পবিত্র কোরআনের শিক্ষা মানুষের ব্যক্তিজীবন, পারিবারিক বন্ধন ও সামাজিক জীবনে ধারণ করে নৈতিকতা, মানবিক মূল্যবোধ এবং আদর্শ সমাজ গঠনের আহ্বানের মধ্য দিয়ে চাঁদপুরে অনুষ্ঠিত হয়েছে ৩২ তম তাফসীরুল কুরআন মাহফিল। শুক্রবার (৯ অক্টোবর) সন্ধ্যায় চাঁদপুর সদর উপজেলার বাগাদী ইউনিয়নে ইসলামপুর গাছতলা দরবার শরিফ সংলগ্ন গাছতলা মাদ্রাসা মাঠে এন্তেজামিয়া কমিউনিটির আয়োজনে দরবারে ২-এর পাতায় দেখুন

হানারচর ইউনিয়নের বিশিষ্ট আলেমেদ্বীন হযরত মাওলানা আল আমিন চাঁদপুরী এর বাবা মোঃ সিরাজুল ইসলাম বেপারীর (সিরাজ বেপারী) এর জানাজার নামাজ পূর্বে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামী জেলার সেক্রেটারি এডভোকেট শাহজাহান মিয়া।

বিশিষ্ট আলেমেদ্বীন মাও. আল আমিন চাঁদপুরীর পিতার জানাজা সম্পন্ন

সদর প্রতিনিধি

চাঁদপুর সদর উপজেলা ১৩ নং হানারচর ইউনিয়নের কৃতি সন্তান বিশিষ্ট আলেমেদ্বীন হযরত মাওলানা আল আমিন চাঁদপুরী এর বাবা বৃহস্পতিবার সন্ধ্যায় ইন্তেকাল করেছেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মরহুম মোঃ ২-এর পাতায় দেখুন

সিলেট ওসমানীনগরে ত্রিমুখী সংঘর্ষে চাঁদপুরের দুজন নিহত,জানাজা সম্পন্ন

স্টাফ রিপোর্টার

সিলেট-ঢাকা মহাসড়কের দুর্ঘটনাপ্রবণ এলাকা ওসমানীনগরে অ্যাম্বুলেন্স, হাইয়েস মাইক্রোবাস ও সিএনজিচালিত অটোরিকশার ত্রিমুখী সংঘর্ষে চাঁদপুর জেলার দুই ব্যক্তি নিহত হয়েছেন। এ ঘটনায় আরও ছয়জন গুরুতর আহত হয়েছেন।

শনিবার (১০ অক্টোবর) সকাল ১১টায় মতলব দক্ষিণ উপজেলার ৬ নং উপাদী ইউনিয়নের পিংড়া গ্রামের তপাদার বাড়িতে তাঁর জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। তিনি ওই বাড়ির মরহুম আব্দুল খালেক মাস্টারের মেজো ছেলে।

জানাজার নামাজে নিহতের আত্মীয়-স্বজন, রাজনৈতিক ব্যক্তিবর্গ, বন্ধুবান্ধবসহ বিভিন্ন শ্রেণি-পেশার শত শত মানুষ অংশগ্রহণ করেন। এ সময় উপস্থিত সবার মধ্যে শোকের আবহ বিরাজ করে। প্রিয়জনকে শেষ বিদায় জানাতে এসে অনেকেই আবেগাপ্লুত হয়ে পড়েন। শুক্রবার (৯ অক্টোবর) ২-এর পাতায় দেখুন

বাংলাদেশ জামায়াতে ইসলামী ফরিদগঞ্জ উপজেলা শাখার ৮নং পাইকপাড়া দক্ষিণ ইউনিয়ন এর বাচাইকৃত কর্মীদের নিয়ে শিক্ষা শিবিরে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিশে শূরার সদস্য ও জেলা শাখার আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

জামায়াতের লক্ষ্য উদ্দেশ্যের সাথে নিজের লক্ষ্য উদ্দেশ্য মিলিয়ে এই সংগঠন করতে হবে

-----জেলা আমীর মাও. বিল্লাল হোসাইন মিয়াজী

ফরিদগঞ্জ প্রতিনিধি

বাংলাদেশ জামায়াতে ইসলামী ফরিদগঞ্জ উপজেলা শাখার ৮নং পাইকপাড়া দক্ষিণ ইউনিয়ন এর বাচাইকৃত কর্মীদের নিয়ে শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার ৯ অক্টোবর সকালে পাইকপাড়া দক্ষিণ ইউনিয়ন জামায়াতের আয়োজনে স্থানীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিশে শূরার সদস্য ও জেলা শাখার আমীর মাওলানা বিল্লাল হোসাইন মিয়াজী।

তিনি বক্তব্যে বলেন, যারা জামায়াতে ইসলামী কে বুঝে জামায়াতে ইসলামী করবে না, তারা নিজেকে স্থির রাখতে পারবে না। অন্য দলের নেতা-কর্মীরা কখনো বিএনপি, কখনো আওয়ামী লীগ করতে পারে। আবার কখনো একসাথে উভয় দল করতে পারে, জামায়াতে ইসলামী করতে হলে বুঝে শুনে, জামায়াতের লক্ষ উদ্দেশ্যের সাথে নিজের ২-এর পাতায় দেখুন

চাঁদপুর মেডিকেল কলেজ ছাত্রদলের আহ্বায়ক কমিটি ঘোষণা

বিশেষ প্রতিনিধি

চাঁদপুর মেডিকেল কলেজ শাখা ছাত্রদলের নয় সদস্যের আহ্বায়ক কমিটি অনুমোদন দেওয়া হয়েছে। এতে এম সারিউল ইসলাম সাদকে আহ্বায়ক এবং মো. নাইমুর রহমানকে সদস্যসচিব করা হয়েছে। শুক্রবার (৯ অক্টোবর) ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সভাপতি মো. রাকিবুল ইসলাম রাকিব ও সাধারণ সম্পাদক নাছির উদ্দীন নাছির এ কমিটি অনুমোদন করেন। কমিটিতে সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে রয়েছেন পি এস মং। অন্য যুগ্ম আহ্বায়করা ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে হিন্দু সম্প্রদায়ের তর্পন অনুষ্ঠিত

শহর প্রতিনিধি

চাঁদপুর শ্রী শ্রী কালীবাড়ি মন্দিরের আয়োজনে বিগত বছরের মতো এবছর ও পিতৃ তর্পণ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শনিবার (১০ অক্টোবর) ভোর ৬ ২-এর পাতায় দেখুন

সাচারে বাংলাদেশ জামায়াতে ইসলামীর যুব বিভাগের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক কর্মসূচিতে বক্তব্য রাখেন চাঁদপুর জেলা শাখার নায়েবে আমির ও কচুয়া উপজেলার চেয়ারম্যান পদপ্রার্থী অ্যাড. মাসুদুল ইসলাম বুলবুল।

সাচারে জামায়াতে ইসলামির যুব বিভাগের ডেঙ্গু প্রতিরোধ কর্মসূচি পালিত

সাচার প্রতিনিধি

কচুয়া উপজেলার ১ নং সাচার ইউনিয়নে বাংলাদেশ জামায়াতে ইসলামীর যুব বিভাগের উদ্যোগে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক কর্মসূচি ও মশক নিধন অভিযান পরিচালনা করা হয়েছে।

শুক্রবার (৯ অক্টোবর) সকাল সাড়ে ৮টায় সাচার বাজারে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। সকাল সাড়ে ৮টা থেকে বেলা সাড়ে ১১টা পর্যন্ত চলা এ অভিযানে ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ, মশক নিধন ওষুধ ছিটানো এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়।

অভিযান চলাকালে সাচার বাজারের ২-এর পাতায় দেখুন

সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদের সঙ্গে শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ।

সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদের সঙ্গে শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর-৩ (সদর-হাইমচর) আসনের সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল। শনিবার (১০ অক্টোবর) বিকেলে চাঁদপুর শহরের জেএম সেনগুপ্ত রোডস্থ মুনিরা ভবনে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

সাক্ষাৎকালে সংসদ সদস্য শেখ ফরিদ আহম্মেদ মানিক ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল পরস্পরের সঙ্গে কুশল বিনিময় করেন। এ সময় শিক্ষা প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সাক্ষাতকালে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিচালক (কলেজ ও প্রশাসন) প্রফেসর মো. নাজমুল হক এবং চাঁদপুর জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ রুহুল্লাহ, চাঁদপুর জেলা বিএনপির সহ-সভাপতি খলিলুর রহমান গাজী ও ডি এম শাহাজাহান, চাঁদপুর পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. হারুনুর রশীদ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশ, সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহারসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

শিক্ষা খাতের সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা ও জনপ্রতিনিধির এ সৌজন্য সাক্ষাৎকে কেন্দ্র করে উপস্থিত ব্যক্তিদের মধ্যে ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে প্রবাসীর স্ত্রী ও শিশুকন্যা নিখোঁজ, ৩ দিনেও মেলেনি সন্ধান

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে প্রবাসী তায়েব আলীর স্ত্রী সাথী আক্তার ও তাঁর শিশুকন্যাকে প্রলোভন দেখিয়ে অপহরণ বা নিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে এক যুবকের বিরুদ্ধে। নিখোঁজের তিন দিন পেরিয়ে গেলেও শনিবার (১০ অক্টোবর, ২০২৬) রাত পর্যন্ত তাঁদের কোনো সন্ধান মেলেনি। এ ঘটনায় প্রবাসীর বড় ভাই মো. গোলাম রসুল মানিক (৪৫) বাদী হয়ে হাজীগঞ্জ থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সূত্রে জানা যায়, উপজেলার বড়কূল দক্ষিণপাড়া মিয়াজী বাড়ির সৌদি প্রবাসী তায়েব আলীর অনুপস্থিতির সুযোগ নিয়ে মো. জিসান (২৬) নামের এক অটোরিকশা চালক তাঁর স্ত্রীর সঙ্গে পরকীয়ার সম্পর্ক গড়ে তোলেন। গত বৃহস্পতিবার (৮ অক্টোবর, ২০২৬) বিকেল ৩টার দিকে সাথী আক্তার তাঁর স্বামীর বাড়ি থেকে বাবার বাড়ি (হাজীগঞ্জ উপজেলার সোনাইমুড়ি গ্রামের পাটওয়ারী বাড়ি) যাওয়ার উদ্দেশ্যে রওনা হন। এরপর থেকে মা ও মেয়ের আর কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না। বর্তমানে সাথী আক্তারের ব্যবহৃত মোবাইল ফোনটিও বন্ধ রয়েছে।

এদিকে প্রবাসী তায়েব আলী তাঁর ব্যক্তিগত ফেসবুক আইডি থেকে লাইভে এসে অভিযোগ করেন, অটোরিকশা চালক জিসানই তাঁর স্ত্রী ও সন্তানকে নিয়ে পালিয়ে গেছে। আত্মীয়-স্বজনসহ সম্ভাব্য সকল স্থানে খোঁজাখুঁজি করেও পরিবার তাঁদের কোনো সন্ধান পায়নি। ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

"নিশ্চয়ই তোমাদের জন্য আল্লাহর রাসুল (সাঃ) এর মধ্যে রয়েছে উত্তম আদর্শ" (আল-কুরআন)
সীরাত পাঠ প্রতিযোগিতা ২০২৬
• বই : সীরাতে ইবনে হিশাম।
• যে কোন পর্যায়ের পুরুষ ও মহিলা বোনদের জন্য উন্মুক্ত।
• পরীক্ষার ধরণ: MCQ+ এক কথায় উত্তর।
পুরস্কার
১ম ১০০০০৳ + গিফট বক্স
২য় ৮০০০৳ + গিফট বক্স
৩য় ৫০০০৳ + গিফট বক্স
সাধারণ ১৭ টি ২০০০৳ + গিফট বক্স
পরীক্ষা : ১৭ অক্টোবর
শনিবার, সকাল ১০ টায়।
পরীক্ষার স্থান: আল-আমিন একাডেমি স্কুল এন্ড কলেজ প্রধান শাখা।
বাংলাদেশ জামায়াতে ইসলামী, চাঁদপুর শহর।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE
01623-392568, 01818-734125, 01633-153049

বিশ্ববিদ্যালয় ভর্তির সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,০০০ টাকা ছাড়!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুর কোচিং করে ১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ ৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
রোববার ১১ অক্টোবর ২০২৬, ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ২৮ রবি: সানি ১৪৪৮ হিজরী

English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

চাঁদপুরে স্পিড ব্রেকার নির্মাণের দাবিতে মানববন্ধন।

চাঁদপুরে স্পিড ব্রেকার নির্মাণের দাবিতে এলাকাবাসীর মানববন্ধন

শহর প্রতিনিধি

কুমিল্লা-চাঁদপুর আঞ্চলিক মহাসড়কের গ্যাস কোম্পানি রোডের মুখ ও টেকনিক্যাল হাইস্কুলের সামনে সড়ক দুর্ঘটনা রোধে স্পিড ব্রেকার নির্মাণের দাবিতে মানববন্ধন করেছেন স্থানীয় বাসিন্দারা। শনিবার (১০ অক্টোবর) বিকেল পৌনে ৪টার দিকে চাঁদপুর সদর উপজেলার ওয়ারলেস বাজার-সংলগ্ন গ্যাস কোম্পানি রোডের সামনে পৌরসভার ১৩ নম্বর ওয়ার্ডের সর্বস্তরের জনগণের উদ্যোগে এই কর্মসূচি অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা ক্ষোভ প্রকাশ করে বলেন, মহাসড়কের টেকনিক্যাল হাইস্কুলের সামনে ও গ্যাস কোম্পানি রোডের প্রবেশমুখে প্রতিনিয়ত ভয়াবহ সড়ক দুর্ঘটনা ঘটছে। এসব দুর্ঘটনায় বহু মানুষ প্রাণ হারাচ্ছেন এবং অনেকে পঙ্গুত্ব বরণ করছেন। বিশেষ করে ● ২-এর পাতায় দেখুন

বাংলাদেশে সব ধর্মের মানুষের সমান অধিকার রয়েছে: হাইমচরে এমপি মানিক

হাইমচর প্রতিনিধি

"শারদীয় দুর্গাপূজা শুধু হিন্দু সম্প্রদায়ের ধর্মীয় উৎসব নয়, এটি বাঙালির চিরন্তন ঐতিহ্য ও সাম্প্রদায়িক সম্প্রীতির প্রতীক। বাংলাদেশে সব ধর্মের মানুষের সমান অধিকার রয়েছে। প্রত্যেকে যেন সম্পূর্ণ স্বাধীন ও স্বাচ্ছন্দ্যে নিজ নিজ ধর্মীয় আচার-অনুষ্ঠান পালন করতে পারেন, তা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব।"

শনিবার (১০ অক্টোবর) সকাল ১০টায় হাইমচর উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত সরকারি বরাদ্দের ডিও বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন চাঁদপুর-৩ আসনের সংসদ সদস্য ও জেলা বিএনপি'র সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক। অনুষ্ঠানটির যৌথ আয়োজন করে হাইমচর উপজেলা প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ। 'ধর্ম যার ● ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে 'শিমুল-পলাশ কানন' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

লাল শিমুলে রাঙবে মেঘনার চর : চাঁদপুরে 'শিমুল-পলাশ কানন' এর উদ্বোধন

নিজস্ব প্রতিনিধি

"লাল শিমুলে রাঙুক প্রকৃতি, প্রাণে জাগুক বাংলার স্মৃতি"–এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরের মেঘনা নদীর বুকে জেগে ওঠা চরে গড়ে উঠেছে এক নতুন সবুজের সমারোহ। গত ৯ অক্টোবর শুক্রবার বিকেলে চাঁদপুর সদর উপজেলার ইব্রাহিমপুর চরের ঈদগাহ ফেরিঘাট এলাকায় বনায়ন ও বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হলো 'শিমুল-পলাশ কানন'। চাঁদপুর জেলা প্রশাসন এবং চাঁদপুর সদর উপজেলা প্রশাসনের যৌথ উদ্যোগে এই ব্যতিক্রমী ও সময়োপযোগী উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। এছাড়াও চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস. এম. এন. জামিউল হিকমা ও উপজেলা প্রকৌশলী রিফাত আমিনসহ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং স্থানীয় সাংস্কৃতিক অঙ্গনের বিশিষ্ট ব্যক্তিবর্গ এই আয়োজনে স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন। সংশ্লিষ্টরা আশা প্রকাশ করে জানান, ● ৩-এর পাতায় দেখুন

মতলব পৌর জামায়াতের ফ্যামিলি ডে সম্পন্ন

মতলব দক্ষিণ সংবাদদাতা

মতলব পৌরসভায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে ফ্যামিলি ডে অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার (৯ অক্টোবর) সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত মতলব কমিউনিটি সেন্টারে এ আয়োজন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ডা. আবদুল মোবিন। মতলব পৌরসভা জামায়াতের আমির মুহাম্মদ জসিম উদ্দিন প্রধানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা ইঞ্জিনিয়ার মো. জসিম উদ্দিন।

মতলব পৌরসভায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর উদ্যোগে ফ্যামিলি ডে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজ সেবক বীর মুক্তিযোদ্ধা ডা. আবদুল মোবিন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মতলব পৌর জামায়াতের সেক্রেটারি দেওয়ান কবির হোসেন। এতে উপস্থিত ছিলেন মতলব পৌরসভা যুব জামায়াতে ইসলামীর সেক্রেটারি ও সাংবাদিক এ এম ইদ্রিস খানসহ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। ফ্যামিলি ডে উপলক্ষে আয়োজিত এ অনুষ্ঠানে নেতৃবৃন্দ ও তাঁদের পরিবারের সদস্যদের অংশগ্রহণে পারস্পরিক সৌহার্দ্য, সম্প্রীতি ও পারিবারিক বন্ধনকে গুরুত্ব দেওয়া হয়। ● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুর পৌরসভার ৭নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর উদ্যোগে দাওয়াতি সমাবেশে বক্তব্য রাখেন শহর জামায়াতের আমির অ্যাডভোকেট মো. শাহজাহান খান।

পৌর ৭নং ওয়ার্ড জামায়াতের দাওয়াতি সমাবেশে

আদর্শ সমাজ গড়তে ইসলামের দাওয়াত ঘরে ঘরে পৌঁছাতে হবে

------অ্যাড. শাহজাহান খান

স্টাফ রিপোর্টার

সমাজে ন্যায়, ইনসাফ, সততা ও নৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠার আহ্বানের মধ্য দিয়ে চাঁদপুর পৌরসভার ৭ নম্বর ওয়ার্ড জামায়াতের উদ্যোগে দাওয়াতি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার(৯ অক্টোবর)বিকেলে শহরের বড় স্টেশন এলাকায় আয়োজিত এ সমাবেশে ইসলামের শিক্ষা মানুষের ব্যক্তিগত ও সামাজিক জীবনে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। প্রধান অতিথির বক্তব্য দেন চাঁদপুর শহর জামায়াতের আমির অ্যাডভোকেট মো. শাহজাহান খান। তিনি বলেন, "ইসলাম শুধু ব্যক্তিগত ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে খেলার মাঠ পুনরুদ্ধারের দাবিতে মানববন্ধন

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জ পৌর এলাকার কেরোয়া গ্রামে খেলার মাঠ পুনরুদ্ধারের দাবিতে মানববন্ধন করেছেন এলাকাবাসী, সাবেক খেলোয়াড় ও যুবসমাজ। কেরোয়া হোসনেআরা বেগম আদর্শ উচ্চ বিদ্যালয়ের পুরোনো ভবন ভেঙে সেখানে খেলার মাঠ তৈরির দাবি জানান তাঁরা।

শনিবার (১০ অক্টোবর) বিকেলে কেরোয়া হোসনেআরা বেগম আদর্শ উচ্চ বিদ্যালয়ের সামনে মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, শিশু-কিশোর ও তরুণদের খেলাধুলায় উৎসাহিত করতে দেশের প্রতিটি ● ৩-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জের কেরোয়া গ্রামে খেলার মাঠ পুনরুদ্ধারের দাবিতে মানববন্ধন।

ফরিদগঞ্জে সরকারি হাসপাতালে প্লাস্টারের নামে টাকা দাবির অভিযোগ

ইয়াছিন পালোয়ান

ফরিদগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে চিকিৎসাসেবা নিতে গিয়ে রোগীর স্বজনের কাছ থেকে অতিরিক্ত টাকা দাবি করার অভিযোগ উঠেছে। কর্তব্যরত স্বাস্থ্যকর্মী নূর হোসেনের বিরুদ্ধে রোগীর ভাঙা পায়ের প্লাস্টার-সংক্রান্ত সেবা দিতে এক হাজার টাকা দাবি করার এই ঘটনাটি এখন সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক সমাদৃত ও সমালোচিত। এ সংক্রান্ত একটি ভিডিও ফেসবুকে ছড়িয়ে পড়ার পর স্থানীয়দের মাঝে তীব্র ক্ষোভ ও আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, উপজেলার প্রায় ছয় লাখ মানুষের সরকারি চিকিৎসাসেবার একমাত্র ভরসা এই ৫০ শয্যাবিশিষ্ট ফরিদগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। প্রতিদিনের মতো গত ৮ অক্টোবর (বৃহস্পতিবার) সন্ধ্যায় উপজেলার এক বাসিন্দা মোস্তফা তাঁর বৃদ্ধ বাবার ভাঙা পায়ের চিকিৎসার জন্য হাসপাতালের জরুরি বিভাগে আসেন। অভিযোগকারী মোস্তফা জানান, তাঁর বাবার পায়ের প্লাস্টার করার জন্য ● ৩-এর পাতায় দেখুন

শাহরাস্তি দারুল কুরআন মাদরাসায় সবক প্রদান ও পুরস্কার বিতরণী

সাইফুদ্দীন

শাহরাস্তি উপজেলার প্রাণকেন্দ্রে উপজেলা পরিষদ ভবনের দক্ষিণ পাশে অবস্থিত শাহরাস্তি দারুল কুরআন মাদরাসায় সবক প্রদান ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১০ অক্টোবর) মাদরাসার হলরুমে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় গণ্যমান্য

শাহরাস্তি দারুল কুরআন মাদরাসায় সবক প্রদান অনুষ্ঠান।

ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাদরাসার ৪৩ জন শিক্ষার্থীকে সবক প্রদান করা হয়। মাদরাসার প্রতিষ্ঠাতা পরিচালক হাফেজ মাওলানা মাহফুজুর রহমান বুলবুলির সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান মুফাসসির হিসেবে উপস্থিত ছিলেন মুহাদ্দিস রফিকুল্লাহ আফসারী। বিশেষ অতিথি হিসেবে সবক প্রদান করেন সাদ্রা ফাজিল মাদরাসার অধ্যক্ষ মাওলানা আবু বকর ছিদ্দিক। অনুষ্ঠানে শিক্ষার্থীদের উদ্দেশে গুরুত্বপূর্ণ বক্তব্য দেন মুহাদ্দিস রফিকুল্লাহ আফসারী। তিনি কোমলমতি শিশুদের প্রতি সহানুভূতিশীল আচরণ করার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। বক্তব্যে ● ৩-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ডুবগী যুবসমাজের প্রীতি ফুটবল ম্যাচের ফাইনাল

শামীম মিয়াজী

মতলব উত্তর উপজেলার গজরা ইউনিয়নে ডুবগী যুবসমাজের উদ্যোগে প্রীতি ফুটবল ম্যাচের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বিকেলে আয়োজিত এ খেলায় লাল দল ও সবুজ দল অংশগ্রহণ করে।

বিশিষ্ট সমাজসেবক মো. আব্দুল কাদিরের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে খেলার উদ্বোধন করেন গজরা ইউনিয়ন বিএনপির সভাপতি মো. হাফেজ মুন্সি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওটারচর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মো. নুরুল আমিন, গজরা ইউনিয়ন বিএনপির মো. শাহ আলম মোল্লা, সাবেক ইউপি সদস্য মো. মনির হোসেন, হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে সাংবাদিকদের সাথে মতবিনিময় নবাগত অফিসার ইনচার্জ মো. কাওসার আলম ভূঁইয়া।

হাজীগঞ্জে সাংবাদিকদের সাথে নবাগত ওসির মতবিনিময়

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জ থানা কমপ্লেক্স ভবনে স্থানীয় গণমাধ্যমকর্মীদের সাথে নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মো. কাওসার আলম ভূঁইয়ার মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১০ অক্টোবর ২০২৬) হাজীগঞ্জ প্রেস ক্লাবের আয়োজনে এই দ্বি-পাক্ষিক সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি, মাদক নির্মূল, কিশোর গ্যাং দমন, ইভটিজিং ও বাল্যবিবাহ রোধসহ বিভিন্ন ● ৩-এর পাতায় দেখুন

সড়ক দুর্ঘটনায় ইব্রাহীম দর্জি'র মৃত্যু : চাঁদপুর জেলা শ্রমিক ইউনিয়নে শোক

শহর প্রতিনিধি

চাঁদপুর-কুমিল্লা আঞ্চলিক সড়কে সিএনজিচালিত অটোরিকশার ধাক্কায় মোঃ ইব্রাহীম দর্জি (৫৫) নামে এক সহকারী ট্রাক ড্রাইভারের মর্মান্তিক মৃত্যু হয়েছে। তিনি



চাঁদপুর সদর উপজেলার মৈশাদী ইউনিয়নের বাসিন্দা মোঃ এনায়েত দর্জির ছেলে এবং ঢাকা-ট ৩৬২৫ নম্বর ট্রাকে দীর্ঘদিন ধরে সহকারী চালক হিসেবে কর্মরত ছিলেন।

নিহতের পরিবার ও শ্রমিক ইউনিয়ন সূত্রে জানা গেছে, গত ৮ অক্টোবর বৃহস্পতিবার বিকেল আনুমানিক ● ৩-এর পাতায় দেখুন

অপুষ্টি, ব্যাধি ও দুর্যোগের ফাঁদে রোহিঙ্গা শিশুদের শৈশব

নিজস্ব প্রতিবেদক

মিয়ানমারের সামরিক জান্তার নির্যাতন থেকে বাঁচতে কক্সবাজারের উখিয়া-টেকনাফ ও ভাসানচরের ঘিঞ্জি শিবিরে আশ্রয় নেওয়া ১২ লক্ষাধিক রোহিঙ্গার মধ্যে অর্ধেকেরও বেশি শিশু। খোলা আকাশে মাথার ওপর ত্রিপল আর বাঁশের বেড়ায় ঘেরা এই অস্থায়ী জীবন কেবল তাদের আশ্রয়হীন করেনি; কেড়ে নিয়েছে তাদের স্বাভাবিক বাড়ন্ত শৈশবও। আন্তর্জাতিক সহায়তার ঘাটতি, পুষ্টির সংকট, সংক্রামক রোগের দাপট, শিক্ষার অপ্রতুলতা এবং ক্রমবর্ধমান সামাজিক সহিংসতায় রোহিঙ্গা শিশুরা আজ এক অনিশ্চিত চোরাবালিতে দাঁড়িয়ে। তাদের শারীরিক, মানসিক, সামাজিক ও শিক্ষাগত সংকট এবং তার বিপরীতে তৈরি হওয়া সম্ভাবনার নানা দিক নিয়ে দুই পর্বের বিশেষ প্রতিবেদনের আজ থাকছে প্রথমটি।

১৫ মাসের ছোট্ট রিফাত আরার এখন দুরন্ত পায়ে হেঁটে বেড়ানোর কথা, আধো-আধো বোলে ঘর মাতানোর কথা। মায়ের হাত ধরে মিষ্টি সকালে অন্য শিশুদের সঙ্গে খেলায় মেতে ওঠার কথা। কিন্তু তীব্র অপুষ্টিতে আক্রান্ত রিফাত তখন ঠিক মতো বসতেও পারছিল না, হাঁটতে পারা তো বহু দূরের কথা; চেনা মুখগুলো চিনতে পারলেও ফুটছিল না কোনো বুলি। মেয়েকে কোলে চেপে কক্সবাজারের উখিয়ার কুতুপালং-বালুখালী ১২ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের স্বাস্থ্যকেন্দ্রে ঘুরছিলেন মা নয়নতারা। চিকিৎসা আর পুষ্টিকর্মীদের নিবিড় পরামর্শে ধীরে ধীরে রিফাতের সেবা চলছিল। নয়নতারার একটাই আকুতিড় তার খুকি যেন অন্য ● ৩-এর পাতায় দেখুন

নোবেল না পেয়ে এবারও ক্ষোভ ট্রাম্পের, হতাশা উগরে দিলেন নরওয়ের ওপর

আন্তর্জাতিক ডেস্ক

নোবেল শান্তি পুরস্কার না পাওয়ার ক্ষোভ এবারও চেপে রাখতে পারেননি মার্কিন প্রেডিডেন্ট ডনাল্ড ট্রাম্প। হতাশা সামলাতে না পেরে উল্টো পুরস্কার প্রদানকারী দেশ নরওয়ের ওপর তীব্র বিষোদ্গার করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

নোবেল কমিটির সিদ্ধান্তকে 'লজ্জাজনক' হিসেবে তুলে ধরে তিনি বলেন, এর মধ্য দিয়ে নরওয়ের গায়ে এক অমোচনীয় কলঙ্ক লেগে গেল। শুক্রবার ● ৩-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার
ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
BMDC Reg No : A-71474
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজি নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ মোঃ মিজানুর রহমান
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় : প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা
সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরেটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা
দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুরে ইলিশ বিক্রির দায়ে তিন হোটেলকে জরিমানা

শহর প্রতিনিধি

চাঁদপুর শহরের বড় স্টেশন এলাকায় নিষিদ্ধ সময়ে ইলিশ বিক্রির দায়ে তিনটি হোটেলকে মোট ৬০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

এসময় হোটেলগুলো থেকে প্রায় ১ মণ ইলিশ জব্দ করা হয়। শুক্রবার (৯ অক্টোবর) বিকেলে বড় স্টেশন এলাকায় এ অভিযান পরিচালনা করা হয়। অভিযানে হিলশা কিচেনকে ৩০ হাজার টাকা, মেজবান হোটেলকে ২০ হাজার টাকা এবং দেলোয়ার হোটেলকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাসুদ রানা। এ সময় জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলাম, চাঁদপুর মডেল থানা-পুলিশের সদস্যসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলাম জানান, অভিযান শেষে জব্দ করা প্রায় ১ মণ ইলিশ স্থানীয় বিভিন্ন মাদ্রাসা ও এতিমখানায় বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান, আইন অমান্য করে নিষিদ্ধ সময়ে ইলিশ বিক্রির বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ
২৪ ঘন্টা সার্ভিস
সহকারী অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।
ডা. আয়েশা আফরোজ (লুনা)
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পতি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।
ডা. ওমর ফারুক (সবুজ)
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
কিডনী, কিডনী নালী, মুত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দুর্বলতা, ইউরোলজী, এন্ড্রোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. মোঃ নাজমুল হাসান
NICU এবং PICU বিশেষজ্ঞ
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)
ডা. নূর হোসাইন বান্না
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।
ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)
আমাদের সেবা সমূহ
এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন

উপদেষ্টা সম্পাদক : *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক : *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক : *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মন্তান*, ব্যবস্থাপনা সম্পাদক : *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক : *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক : *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি : *আবু সুফিয়ান ভুইয়া*, আইটি ইনচার্জ : *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
রোববার ॥ ১১ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

ডেঙ্গু প্রতিরোধে নিষ্ক্রিয় কমিটি স্থানীয় সরকারকে জবাবদিহির মধ্যে আনুন

ডেঙ্গুতে প্রতিদিন মানুষের মৃত্যু হচ্ছে, অথচ মশা নিয়ন্ত্রণের জন্য নির্ধারিত সরকারি ব্যবস্থার বড় অংশই নিষ্ক্রিয়। ইউনিয়নের ওয়ার্ড থেকে জাতীয় পর্যায় পর্যন্ত ৪৮ হাজারের বেশি কমিটি থাকার কথা। বাস্তবে অনেক জায়গায় কমিটিই হয়নি; কোথাও থাকলেও কার্যক্রম নেই। এমনকি সংশ্লিষ্ট দায়িত্বশীল ব্যক্তিদের অনেকে জানেন না, এসব কমিটি গঠনের নির্দেশনা আছে। জনস্বাস্থ্যের ক্রমবর্ধমান বিপদের মুখে এই প্রশাসনিক উদাসীনতা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। প্রতিবেদনের তথ্য অনুযায়ী, গত সোম ও মঙ্গলবার দুই দিনে ডেঙ্গুতে ১৯ জনের মৃত্যু হয়েছে। এ বছর মৃত্যুর সংখ্যা পৌঁছেছে ২৮১। হাসপাতালে ভর্তি হয়েছেন ৯০ হাজারের বেশি মানুষ। প্রতিটি মৃত্যুর সঙ্গে একটি পরিবারের অপূরণীয় ক্ষতি জড়িয়ে আছে। এই পরিস্থিতিতে কেবল হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা বাড়িয়ে সংকট সামাল দেওয়ার চেষ্টা যথেষ্ট নয়। রোগের বিস্তার ঠেকাতে মশা নিয়ন্ত্রণের দায়িত্ব কর্তৃপক্ষকে যথাযথভাবে পালন করতেই হবে। এডিস মশা নিয়ন্ত্রণের মূল দায়িত্ব স্থানীয় সরকার বিভাগের। ২০১৯ সালের জাতীয় নির্দেশিকায় সেই দায়িত্ব পালনের কাঠামোও নির্ধারণ করা হয়েছে। কোন স্তরে কার নেতৃত্বে কমিটি হবে, কী কাজ করবে, কতবার সভা করবে–সবই সেখানে উল্লেখ আছে। স্থানীয় সরকার বিভাগের দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোর কাজের সমন্বয়, প্রয়োজনীয় সহায়তা এবং তদারকি করা।

শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনায় স্বচ্ছতা,

তার বক্তব্যে বলেন, শিক্ষা একটি জাতির উন্নতি ও অগ্রগতির প্রধান ভিত্তি। শিক্ষার মানোন্নয়নে শুধু শিক্ষক কিংবা শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানদের একক প্রচেষ্টা যথেষ্ট নয়; এ ক্ষেত্রে প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি, শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী এবং প্রশাসনসহ সংশ্লিষ্ট সবাইকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। শিক্ষার্থীদের পাঠদানে মনোযোগী করা, নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা এবং তাদের নৈতিক ও মানবিক মূল্যবোধে গড়ে তুলতে সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।

তিনি আরো বলেন, শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনায় স্বচ্ছতা, জবাবদিহি ও দায়িত্বশীলতা নিশ্চিত করা অত্যন্ত জরুরি। পরিচালনা কমিটির সভাপতিদের প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমের প্রতি নজর রাখতে হবে। শিক্ষকদের যথাযথভাবে পাঠদান করতে হবে এবং প্রতিষ্ঠান প্রধানদের শিক্ষার পরিবেশ, শৃঙ্খলা ও শিক্ষার্থীদের অগ্রগতির বিষয়ে নিয়মিত তদারকি করতে হবে।

তিনি হাইমচরের শিক্ষার সার্বিক পরিবেশ উন্নয়নে সংশ্লিষ্টদের আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়ে বলেন, শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে বাস্তবসম্মত পদক্ষেপ গ্রহণ করতে হবে। শিক্ষার্থীরা যাতে উপযুক্ত পরিবেশে লেখাপড়া করতে পারে, সে জন্য শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর অবকাঠামোগত উন্নয়ন, পাঠদানের মান বৃদ্ধি এবং নিয়মিত তদারকির ওপর গুরুত্ব দিতে হবে।

হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলামের সভাপতিত্বে এবং একাডেমিক সুপারভাইজার আহসানুল হক ও উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতি সভাপতি মো. আব্দুল মান্নান যৌথ পরিচালনায় বক্তব্য রাখেন হাইমচর মহাবিদ্যালয়ের অধ্যক্ষ বেদারুল আলম, হাইমচর থানার অফিসার ইনচার্জ মো. শাহ আলম, হাইমচর উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক মো. মাজহারুল ইসলাম সফিক পাটওয়ারী, হাইমচর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. মোস্তফা কামাল, হাইমচর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. মনসুর আহমেদ, বাজাপ্তী রমনী মহন উচ্চ বিদ্যালয়ের সভাপতি অ্যাড. জাহাঙ্গীর হোসেন পাটওয়ারী, হাইমচর উত্তর চরভাঙা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাপতি মো. আক্তার হোসেন পলাশ, আলগী বাজার আলিম মাদরাসার অধ্যক্ষ মাও. মো. জিল্লুর রহমান, চরভৈরবী উচ্চ বিদ্যারয়ের প্রধান শিক্ষক শংকর ঘোষ, হাইমচর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আবু জাফর শেখ, সাধারণ সম্পাদক নাছির উদ্দিন প্রমুখ।

বিশিষ্ট আলেমেদ্বীন মাও. আল

সিরাজুল ইসলাম বেপারীর (সিরাজ বেপারী) এর জানাজার নামাজ ৯অক্টোবর শুক্রবার সকাল ৯টায় আখন বাড়ি জামে মসজিদের সামনে অনুষ্ঠিত হয়েছে। জানাজা নামাজ পূর্বে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর জেলার সেক্রেটারি এডভোকেট শাহজাহান মিয়া, পৌর আমীর অ্যাডভোকেট শাজাহান খান, ইসলামী ছাত্রশিবিরের চাঁদপুর শহর সভাপতি ছাত্রনেতা জাহিদুল ইসলাম, সাবেক শহর সভাপতি সাইফুল ইসলাম সবুজ খান, সদর দক্ষিণ থানা শাখার বর্তমান এবং সাবেক সভাপতিগন উপস্থিত ছিলেন।

মরহুমের ছেলে মাওলানা আল আমিন চাঁদপুরী জানান, বাংলাদেশ জামায়াতে ইসলামী ১২ নং চান্দ্রা এবং ১৩ নং হানারচর ইউনিয়নের দায়িত্বশীলবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ, আমার প্রিয় বন্ধু মহল,আত্মীয়-স্বজনসহ এলাকার ধর্মপ্রাণ মুসল্লিগণ।

সকলের প্রতি আমি এবং আমার পরিবারের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আল্লাহপাক আমার মরহুম বাবাকে ক্ষমা করুন, ওনার সারা জীবনের নেক আমল কবুল করুন,জান্নাতুল ফেরদৌসের উচ্চ মাকাম নসিব করুন, কবরকে মুনাওয়ার করে দিন এবং আমার পরিবারের প্রতি প্রশান্তি নাজিল করুন।

চাঁদপুরে পবিত্র সীরাতুন্নবী

আলিয়া খানকায়ে আহমদিয়া নকশেবন্দিয়া মোজাদ্দেদিয়া, ইসলামপুর গাছতলা দরবার শরিফের খাজা আবু সাঈদ ইসলামপুরী (রহ.)-এর ওফাত দিবস ও পবিত্র সীরাতুন্নবী (সা.) উপলক্ষে এ মাহফিলের আয়োজন করা হয়। বাদ এশা মাহফিলের প্রধান আলোচক হিসেবে গুরুত্বপূর্ণ আলোচনা করেন বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ ও গবেষক মুফতি আলী হাসান উসামা। তিনি পবিত্র কোরআনের আলোকে ইসলামের মৌলিক শিক্ষা, রাসুলুল্লাহ (সা.)-এর আদর্শ অনুসরণ এবং ব্যক্তি ও সমাজজীবনে নৈতিকতার গুরুত্ব তুলে ধরেন।

মাহফিলের ছদরে জলসা হিসেবে দায়িত্ব পালন করেন ইসলামপুর গাছতলা দরবার শরিফের পীর ও পীরে কামেল শাহছুফী আল্লামা খাজা মো. অলি উল্যাহ। তাঁর নেতৃত্বে আয়োজিত এ ধর্মীয় অনুষ্ঠানে স্থানীয় ধর্মপ্রাণ মুসল্লি ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর জেলা শাখার সেক্রেটারি অ্যাডভোকেট শাহজাহান মিয়া, শহর শাখার আমির অ্যাডভোকেট শাহজাহান খান, সদর উপজেলা শাখার আমির মাওলানা আফসার উদ্দিন মিয়াজী, কচুয়া উপজেলা জামায়াতের আমির এডভোকেট আবু তাহের মেসবাহ প্রমুখ।

মুফতি আলী হাসান উসামা পবিত্র কোরআন ও মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর জীবনাদর্শ অনুসরণের ওপর গুরুত্বারোপ করে বলেন, মানুষের ব্যক্তিগত ও সামাজিক জীবনে ইসলামের নৈতিক শিক্ষা বাস্তবায়ন করা গেলে সমাজে অন্যায়, অনাচার ও অবক্ষয় প্রতিরোধে ইতিবাচক ভূমিকা রাখা সম্ভব। একই সঙ্গে পারস্পরিক সহমর্মিতা, মানবিকতা, ন্যায়বিচার ও সম্প্রীতির চর্চা বাড়াতে ধর্মীয় শিক্ষার গুরুত্ব অপরিসীম।

তিনি আরো বলেন, ধর্মীয় মাহফিল শুধু ধর্মীয় আলোচনা ও ইবাদতের মধ্যে সীমাবদ্ধ নয়, মানুষের মধ্যে নৈতিক সচেতনতা সৃষ্টি, আত্মশুদ্ধির অনুপ্রেরণা জোগানো এবং কল্যাণমুখী সমাজ গঠনের বার্তা ছড়িয়ে দেওয়ারও একটি গুরুত্বপূর্ণ মাধ্যম।



চাঁদপুর মেডিকেল কলেজ

হলেন মুশফিকুর রহমান নেহাল, সুমাইয়া ইসলাম, বাকির আলম বন্ধন ও সাইফুল ইসলাম। সদস্য হিসেবে রয়েছেন মাজহারুল ইসলাম ও সিয়াম আহমেদ। অনুমোদনপত্রে আগামী ৩০ দিনের মধ্যে পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি গঠনের নির্দেশনা দেওয়া হয়েছে।

চাঁদপুরে হিন্দু সম্প্রদায়ের

টায় চাঁদপুর শহরের ডাকাতিয়া নদীর ৫ নং ঘাট এলাকা দিয়ে পিতৃ তর্পণ অনুষ্ঠিত হয়। শ্রী শ্রী কালীবাড়ি মন্দিরের উৎসব উদযাপন কমিটির আয়োজনে পিতৃ তর্পণ অনুষ্ঠিত হয়। তর্পন উপলক্ষ্যে ভক্তদের কাছ থেকে ৬০ টাকা প্রনামি নেয়া হয়। পিতৃ তর্পণ শেষে অংশ গ্রহণকারী সকল ভক্তদের মাঝে প্রসাদ বিতরন করা হয়। পিতৃ তর্পণের আয়োজক ছিলেন গোবিন্দ সাহা। সহযোগী ছিলেন রতন মিত্র ও নারায়ন মজুমদারসহ উৎসব কমিটির সকল সদস্য।

পিতৃ তর্পণ হচ্ছে পূর্বপুরুষদের আত্মার তৃপ্তি ও শান্তির জন্য জল (প্রসাধরভাবে তিল সহযোগে) নিবেদন করা। ধর্মীয় রীতি, যা সাধারণত আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ বা পিতৃপক্ষে পালন করা হয়।

তর্পণ হলো দেবতা, ঋষি, এবং মৃত পূর্বপুরুষদের উদ্দেশ্যে জল ও তিল নিবেদন করে তাঁদের সন্তুষ্ট করার বৈদিক পদ্ধতি। 'তর্পণ' শব্দের অর্থই হলো 'তৃপ্তি' পূর্বপুরুষদের আত্মা যাতে সন্তুষ্ট হয় সেই অভিপ্রায়ে তর্পণ করা হয়। পিতৃপক্ষ, অর্থাৎ আশ্বিন মাসের (চান্দ্রপঞ্জিকা) কৃষ্ণপক্ষের প্রথম দিন (পূর্ণিমা/প্রতিপদ) থেকে শুরু হয়ে অমাবস্যা/মহালয়া পর্যন্ত চলে।

ধারণা করা হয়, এই সময় পূর্বপুরুষদের আত্মা মর্ত্যলোকে আসেন এবং তাঁদের সন্তুষ্টির জন্য তর্পণ, শ্রাদ্ধ, এবং দান কৃত্য অত্যন্ত ফলদায়ক। তর্পণ করলে জীবিতদের উপর পূর্বপুরুষদের আশীর্বাদ বর্তায়, জীবনে শান্তি , সাফল্য এবং পরিবারের কল্যাণ ঘটে।

পুত্র বা যোগ্য পুরুষসন্তান বা প্রয়োজনীয় পূজারী (ব্রাহ্মণ) গঙ্গাজল/পবিত্র জল , কালো তিল , বরই/বার্লি, তুলসী পাতা, এবং নির্দিষ্ট তর্পণ মন্ত্রসহ তর্পণ করেন। অভিপ্রেত দিন (মৃত্যুতিথি বা সর্বপিতৃ অমাবস্যা) সকাল বেলা পূর্ব/দক্ষিণ দিকে মুখ করে তর্পণ করতে হয়। প্রথমে আচমন এবং পরিষ্কার কাপড় পরিধান করতে হয়। এরপর জল, তিল, তুলসী সহ বিশেষ মন্ত্র উচ্চারণ করে ভক্তির সাথে নিবেদন করতে হয়। তর্পণ শেষে ব্রাহ্মণ/গরীবদের দক্ষিণা ও ভোজন, কাকুকুকুরকে খাদ্য দান, পাঠ জপ দান ইত্যাদি করা সমাদৃত ।

তর্পণ শব্দ আসে 'তৃপ' ধাতু থেকে। যার অর্থ 'তৃপ্তি'এ দ্বারা দেবতা, ঋষি ও পূর্বপুরুষদের প্রশান্তি ও সন্তুষ্টি অর্জনের চেষ্টা বোঝানো হয়। বৃহৎ ধর্মপুরাণ, বায়ুপুরাণ, স্কন্দপুরাণ, গয়া মাহাত্ম্য-সহ একাধিক পুরাণ গ্রন্থে তর্পণের গুরুত্ব ও বিধান রয়েছে। হিন্দু শাস্ত্রে "পিতৃদেবো ভব" উপমা পিতা ও মাতার দেবতারূপে পূজা ও স্মরণ তর্পণ উৎসের মূল কথা।

মহালয়ার ভোরে তর্পণ করার তাৎপর্য অত্যন্ত গুরুত্বপুর্ণ ও বিশেষ। এটি পিতৃপক্ষের সমাপ্তি এবং দেবীপক্ষের সূচনার দিন হিসেবে ধরা হয়। মহালয়া শব্দের অর্থ 'মহান আশ্রম' বা 'মহান আলয়', যেখানে দেবী দুর্গা মহামায়ারূপে আবির্ভুত হন। এই দিনই দুর্গাপুজোর সূচনা হয়। শাস্ত্র ও পুরাণ মতে, মহালয়ার ভোরে পূর্বপুরুষদের উদ্দেশে তর্পণ করলে তাদের আত্মা শান্তি ও মুক্তি লাভ করে এবং তারা জীবিতদের আশীর্বাদ করেন।

শ্রী শ্রী কালীবাড়ি মন্দির, গোপাল জিউর আখড়া, ইসকন মন্দির, পুরান বাজার হরিসভা মন্দির একই ভাবে ডাকাতিয়া ও মেঘনা নদীতে তিল তর্পন অনুষ্ঠান উদযাপন করেছে।

সিলেট ওসমানীনগরে ত্রিমুখী সংঘর্ষে

সকাল সাড়ে ৮টার দিকে সিলেট-ঢাকা মহাসড়কের সিলেটের ওসমানীনগর উপজেলার তাজপুর ইউনিয়নের চাঁনপুর গ্রাম এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা যায়, সিলেট থেকে ঢাকাগামী একটি অ্যাম্বুলেন্সের (ঢাকা মেট্রো-চ-৭১-২৯৪৯) সঙ্গে সিলেটগামী একটি হাইয়েস মাইক্রোবাসের (ঢাকা মেট্রো-চ-১৯-৫০৫৩) এবং শেরপুরগামী একটি সিএনজিচালিত অটোরিকশার (সুনামগঞ্জ-থ-১১-৪৮৪৪) ত্রিমুখী সংঘর্ষ হয়।

এতে হাইয়েস মাইক্রোবাসের যাত্রী চাঁদপুর সদর উপজেলার মহামায়া গ্রামের সোহেল আহমদ (৪৭) ঘটনাস্থলেই নিহত হন। দুর্ঘটনায় আহত ছয়জনকে উদ্ধার করে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে সেখানে চাঁদপুরের

মতলব দক্ষিণ উপজেলার বাসিন্দার বর্তমান পুরাতন আদালত পাড়ায় বসবাসকারী চাঁদপুর ড্রামার দপ্তর সম্পাদক ও নাট্যকর্মী খায়রুজ্জামান পিপল সড়ক দুর্ঘটনায় মর্মান্তিকভাবে মৃত্যুবরন করছে।

শেরপুর হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আনিসুর রহমান জানান, দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠায়।

হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক একজনকে মৃত ঘোষণা করেন। এর আগে ঘটনাস্থলেই একজনের মৃত্যু হয়। দুর্ঘটনাকবলিত তিনটি যানবাহন জব্দ করা হয়েছে।

জামায়াতের লক্ষ্য উদ্দেশ্যের

লক্ষ্য উদ্দেশ্য মিলিয়ে এই সংগঠন করতে হবে।

ইউনিয়নের সভাপতি মাওলানা নুরুল ইসলাম খান এর সভাপতিত্বে ও সেক্রেটারি অ্যাডভোকেট মোঃ ওসমান গনি (নাইম) এর সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ফরিদগঞ্জ উপজেলা আমীর মাওলানা ইউনুছ হেলাল, সেক্রেটারি অ্যাডভোকেট শাখাওয়াত হোসেন, মাওলানা আবু তাহের। এই শিক্ষা শিবিরে আরো উপস্থিত ছিলেন বিভিন্ন ওয়ার্ডের নেতৃবৃন্দ বাছাইকৃত কর্মীরা।

সংসদ সদস্য শেখ ফরিদ

পারস্পরিক যোগাযোগ ও মতবিনিময়ের সুযোগ সৃষ্টি হয়। চাঁদপুরের শিক্ষাপ্রতিষ্ঠান, শিক্ষা প্রশাসন এবং শিক্ষার মানোন্নয়নের মতো গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনার সম্ভাবনাও এ ধরনের সাক্ষাতের মধ্য দিয়ে তৈরি হয়।

সাচারে জামায়াতে ইসলামির যুব

বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্ট, অলিগলি ও মশার বংশবিস্তার হতে পারে–এমন স্থানগুলোতে মশক নিধন ওষুধ ছিটানো হয়। পাশাপাশি ডেঙ্গু প্রতিরোধে আশপাশের পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং কোথাও যেন পানি জমে না থাকে, সে বিষয়ে স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ মানুষকে সচেতন করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী চাঁদপুর জেলা শাখার নায়েবে আমির ও জামায়াত মনোনীত কচুয়া উপজেলার চেয়ারম্যান পদপ্রার্থী অ্যাডভোকেট মাসুদুল ইসলাম বুলবুল। সংক্ষিপ্ত বক্তব্যে তিনি ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সচেতন হওয়ার আহ্বান জানান। একই সঙ্গে এডিস মশার বংশবিস্তার রোধে বাড়িঘর, দোকানপাট ও আশপাশের পরিবেশ পরিষ্কার রাখা। জমে থাকা পানি অপসারণসহ প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কচুয়া উপজেলা শাখার আমির অ্যাডভোকেট আবু তাহের মিসবাহ, সহকারী সেক্রেটারি হাফেজ মোহাম্মদ দেলোয়ার হোসাইন, চেয়ারম্যান পদপ্রার্থী অধ্যক্ষ মনির হোসেন হেলালী, ৩ নং বিতারা ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী মাওলানা মাসুম বিল্লাহ মাদানী, সাচার ইউনিয়ন জামায়াতের আমির মীর মোহাম্মদ অহিদুজ্জামান, সেক্রেটারি মোজাম্মেল হোসাইন, নায়েবে আমির আবু তাহের মাস্টার, যুব বিভাগের সভাপতি কবির হোসেন মোল্লা, সাবেক সভাপতি আশরাফুল ইসলাম, সেক্রেটারি ইসমাইল হোসেন মুন্না এবং ছাত্রশিবিরের থানা সভাপতি তৌফিকসহ স্থানীয় নেতাকর্মীরা।





হাজীগঞ্জে প্রবাসীর স্ত্রী

নিখোঁজ গৃহবধূর পরিবারের পক্ষ থেকে কোনো তথ্য জানা থাকলে এই নম্বরে (০১৭১৭-৩৫৪৪২৮) যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাউছার আলম ভুইয়া জানান, "এই ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে দেখা হচ্ছে এবং নিখোঁজ মা-মেয়েকে উদ্ধার ও অভিযুক্ত যুবককে আটকে পুলিশি তৎপরতা চলছে।"

মতলবে বাড়ি ঘেরাও

সন্ধ্যায় ঘটনাস্থলে গিয়ে তাঁকে থানায় নিয়ে যায় পুলিশ।

অভিযুক্ত হাশেম উপজেলার একটি গ্রামের বাসিন্দা। এ ঘটনায় তাঁর বিরুদ্ধে রাত ১১টার দিকে স্থানীয় একটি মসজিদের ইমাম মো. আল আমিন বাদী হয়ে একটি মামলা করেন। পরে তাঁকে সেই মামলায় গ্রেপ্তার দেখিয়ে শনিবার সকালে আদালতে পাঠানো হয়। মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া বিষয়টি নিশ্চিত করেছেন।

পুলিশ, মামলার এজাহার ও স্থানীয় সূত্রে জানা গেছে, অভিযুক্ত হাশেম কয়েক দিন ধরে ফেসবুকে নিজের আইডি থেকে ধর্ম অবমাননা করে একাধিক পোস্ট দেন। এতে স্থানীয় লোকজন ও মুসল্লিদের মধ্যে ক্ষোভ তৈরি হয়। গতকাল বিকেলে তাঁর বাড়ি ঘেরাও করেন উত্তেজিত লোকজন। তাঁকে বাড়িতে অবরুদ্ধ করে পুলিশকে খবর দেওয়া হয়। সন্ধ্যা ছয়টার দিকে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তাঁকে আটক করে থানায় নিয়ে যায়।

ওসি মানস বড়ুয়া বলেন, অভিযুক্ত হাশেম নিজের ফেসবুকে ধর্ম অবমাননাকর পোস্ট দেওয়ার বিষয়টি স্বীকার করেছেন। তাঁকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

চাঁদপুরে শারদীয় আমেজ: ২৩২

শেষ পর্যায়ে। কারিগররা দিনরাত পার করছেন প্রতিমার গায়ে রং-তুলির শেষ আঁচড় দিতে।

জেলা পূজা উদযাপন পরিষদের তথ্য অনুযায়ী, এবার চাঁদপুর সদরে ৪১টি, ফরিদগঞ্জে ২৩টি, হাইমচরে ৬টি, হাজীগঞ্জে ২৯টি, মতলব দক্ষিণে ৩৯টি, মতলব উত্তরে ৩৬টি, কচুয়ায় ৩৯টি এবং শাহরাস্তিতে ১৯টি মণ্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে।

শহরের কালীবাড়ি মন্দিরসহ বিভিন্ন মণ্ডপ ঘুরে দেখা গেছে, এবার ভিন্ন ভিন্ন থিমে সাজানো হচ্ছে মন্দির প্রাঙ্গণ। ইতিবাচক ও মানবিক মূল্যবোধ জাগাতে গুণীজনদের ছবি ও উপদেশমূলক বাণী টানানো হয়েছে। প্রতিমা শিল্পী জগবন্ধু পাল জানান, জিনিসপত্র, পাট ও মাটির দাম বাড়ায় এবার প্রতিমা তৈরিতে খরচ বেশি হচ্ছে। কালী মন্দিরের আয়োজক প্রভাষ সাহা জানান, পাঁচ দিনব্যাপী উৎসবে এবার ৪ থেকে ৫ লাখ দর্শনার্থীর আগমন আশা করা হচ্ছে এবং প্রতিদিন ভক্তদের জন্য মহাপ্রসাদের ব্যবস্থা থাকবে।

এদিকে শারদীয় দুর্গোৎসব নির্বিঘ্ন করতে জেলা প্রশাসন ও জেলা পুলিশের পক্ষ থেকে বিশেষ প্রস্তুতিমূলক সভা করা হয়েছে। চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান মণ্ডপগুলোতে সিসি ক্যামেরা স্থাপন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব প্রতিরোধের ওপর জোর দিয়ে বলেন, পূজা উপলক্ষে কোনো ধরনের বিশৃঙ্খলা সহ্য করা হবে না।

জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান জানান, সকল পূজামণ্ডপকে কঠোর নজরদারি ও সিসি ক্যামেরার আওতায় আনা হবে। পূজার দিনগুলোতে স্বাস্থ্য বিভাগের মেডিকেল টিম সক্রিয় থাকবে। তবে পূজামণ্ডপের আশপাশে দোকান বা বাজার বসলেও কোনোভাবেই মেলা বসানো যাবে না। পাশাপাশি কিশোর গ্যাংয়ের প্রতি বিশেষ নজরদারি রাখা হবে।

চাঁদপুর জেলা বিএনপির সভাপতি শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, দলীয় প্রধান তারেক রহমানের নির্দেশনা অনুযায়ী আমাদের নেতাকর্মীরা অতন্দ্র প্রহরীর মতো মণ্ডপ কমিটির সাথে সমন্বয় করে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করবে।

পঞ্জিকা অনুযায়ী, আগামী ১৫ অক্টোবর ষষ্ঠী পূজার মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে ৬ দিনব্যাপী এই শারদীয় উৎসব শুরু হবে এবং ২১ অক্টোবর বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জনের মধ্য দিয়ে এর সমাপ্তি ঘটবে।

মতলবে মেঘনা নদীতে

মাছ ধরার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

শনিবার (১০ অক্টোবর) নৌ পুলিশ চাঁদপুর অঞ্চলের মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ি এ অভিযান পরিচালনা করে। উপজেলার মোহনপুর ইউনিয়নের বাহাদুরপুর সংলগ্ন মেঘনা নদীর তীরবর্তী এলাকায় অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন মো. আলী আকবর (৪৫), মো. আজহারুল (৫৫) ও জয়নাল প্রধান (৫৪)। অভিযানে ২৪০ মিটার চায়না চাই জব্দ করা হয়।

নৌ পুলিশ সূত্রে জানা গেছে, গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইনে পৃথক তিনটি মামলা রুজুর প্রক্রিয়া চলছে।

মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. রুহুল আমিন বলেন, 'মা ইলিশ সংরক্ষণে সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নে মেঘনা নদীতে আমাদের অভিযান অব্যাহত রয়েছে। নিষেধাজ্ঞা অমান্য করে মাছ শিকার ও নিষিদ্ধ জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখতে নৌ পুলিশের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।'

উল্লেখ্য, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণের লক্ষ্যে ৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ২২ দিনের নিষেধাজ্ঞা কার্যকর রয়েছে। এ সময় ইলিশসহ সব ধরনের মাছ আহরণ, পরিবহন, মজুত, বাজারজাতকরণ ও কেনাবেচা নিষিদ্ধ। ইলিশের প্রজনন নির্বিঘ্ন রাখা ও ভবিষ্যতে মাছের উৎপাদন বাড়াতে এ কর্মসূচি পালন করা হচ্ছে।

চাঁদপুর শহরে স্পিড

কারণে পথচারী এবং শিক্ষার্থীদের মনে তীব্র উদ্বেগ ও আতঙ্ক বিরাজ করছে।

স্থানীয় সূত্রে জানা যায়, গত ১৬ মে ২০২৬ তারিখে প্রধানমন্ত্রী তারেক রহমানের চাঁদপুর সফর উপলক্ষে শহরের বিভিন্ন সড়কে থাকা স্পিড ব্রেকারগুলো অপসারণ করা হয়েছিল। তবে প্রধানমন্ত্রীর সফর শেষ হওয়ার পর দীর্ঘ সময় অতিবাহিত হলেও এখনো অনেক গুরুত্বপূর্ণ স্থানে সেগুলো পুনরায় নির্মাণ বা সংস্কার করা হয়নি। সরেজমিনে দেখা গেছে, শহরের বেগম মসজিদ মাদ্রাসার পূর্বপাশ, জে.এম সেনগুপ্ত রোড ও কদমতলা রোড, আল-আমিন স্কুল সংলগ্ন সড়ক, মিশন স্কুল, মাতৃপীঠ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চাঁদপুর সরকারি কলেজ, লেডি প্রতিমা বালিকা উচ্চ বিদ্যালয়, ডি.এন উচ্চ বিদ্যালয়, পীর মহসিন উচ্চ বিদ্যালয়, জোড়পুকুর পাড়ের ওয়াইডব্লিউসিএ (ণডঈঅ) স্কুল, গণি উচ্চ বিদ্যালয়, হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়, আক্কাস আলী উচ্চ বিদ্যালয় ও ড্যাফোডিল স্কুল সংলগ্ন এলাকা এবং ওয়ারলেস মোড়, জেলা প্রশাসক কার্যালয়ের সামনে ও বাস স্ট্যান্ড মোড়সহ বিভিন্ন তিন রাস্তার মোড় এবং চাঁদপুর-কুমিল্লা মহাসড়কের জনবহুল অংশগুলোতে কোনো গতি রোধক নেই।

এর ফলে ব্যাটারিচালিত অটোরিকশা, ইজিবাইক, রিকশা, মোটরসাইকেল ও সিএনজিচালিত অটোরিকশাসহ বিভিন্ন যানবাহন এসব সড়কে তুলনামূলক তীব্র গতিতে চলাচল করছে। এতে স্কুল-মাদ্রাসার শিক্ষার্থী, শিক্ষক, পথচারী, বয়স্ক ব্যক্তি ও স্থানীয় বাসিন্দাদের সড়ক পারাপারে চরম ঝুঁকি তৈরি হয়েছে।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, জনবহুল ও শিক্ষাপ্রতিষ্ঠান সংলগ্ন এলাকায় যানবাহনের গতি নিয়ন্ত্রণে কোনো কার্যকর ব্যবস্থা না থাকায় প্রায়ই ছোট-বড় দুর্ঘটনা ঘটছে। বিশেষ করে শিক্ষাপ্রতিষ্ঠান ছুটির সময়ে সড়কে শিক্ষার্থী ও যানবাহনের চাপ বাড়লে পরিস্থিতি আরও বেশি ঝুঁকিপূর্ণ ও নিয়ন্ত্রণহীন হয়ে ওঠে।

নিরাপদ সড়কের দাবিতে স্থানীয় নাগরিকরা দ্রুত সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে বলেন, যেসব স্থানে আগে স্পিড ব্রেকার ছিল এবং যেখানে শিক্ষাপ্রতিষ্ঠান, বাজার ও জনবহুল এলাকা রয়েছে, সেসব স্থানে জরুরি ভিত্তিতে পুনরায় স্পিড ব্রেকার স্থাপন করা দরকার। একই সঙ্গে সড়কে গতিসীমা নিয়ন্ত্রণ, সতর্কতামূলক সাইনবোর্ড স্থাপন ও যানবাহনের বেপরোয়া গতি নিয়ন্ত্রণে নিয়মিত ট্রাফিক নজরদারির দাবি জানান তারা।

এ বিষয়ে চাঁদপুর পৌরসভার নির্বাহী প্রকৌশলী সুজিত বড়ুয়ার সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, "বিষয়টি আমাদের নজরে আছে। ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে সড়কগুলোতে পুনরায় স্পিড ব্রেকার বা গতি রোধক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।"

শহরের সড়কগুলোকে নিরাপদ করতে এবং দুর্ঘটনার ঝুঁকি কমাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দ্রুত কার্যকর পদক্ষেপ নেবে–এমনটাই প্রত্যাশা করছেন চাঁদপুরের স্থানীয় সচেতন নাগরিক মহল।

দুই আড়তদারের জরিমানা

কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. নাজমুল হুদা।

অভিযানটি চাঁদপুর সদর উপজেলার রনগোয়াল, দোকানঘর, বহরিয়া, হরিনা, আলুবাজার ফেরিঘাট খাল, আখনের ঘাট, নন্দী ঘাট, রাজরাজেশ্বর ও বড় স্টেশন মাছঘাট এলাকায় পরিচালিত হয়। এতে সদর উপজেলা মৎস্য বিভাগ, কোস্ট গার্ড ও নৌ-পুলিশের সদস্যরা অংশ নেন।

অভিযানে ইলিশ মজুতের অপরাধে বড় স্টেশন মাছঘাটের আড়তদার মো. সেলিম ও মো. রফিককে পাঁচ হাজার টাকা করে মোট ১০ হাজার টাকা জরিমানা করা হয়।

সকাল ১০টার দিকে অভিযানের বিষয়টি নিশ্চিত করেন সদর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা মির্জা ওমর ফারুক। তিনি বলেন, জব্দ করা কারেন্টজাল ও ইলিশের বিষয়ে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মা ইলিশ সংরক্ষণে জেলা ও উপজেলা টাস্কফোর্সের অভিযান অব্যাহত থাকবে।

দক্ষ ও সমৃদ্ধ বাংলাদেশ

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ সুবিধার ভোগান্তি কমাতে সরকার অবসর সুবিধা বোর্ডকে ৩,৮০০ কোটি টাকা এবং কল্যাণ ট্রাস্টকে ৪০০ কোটি টাকার বন্ড প্রদান করেছে। এছাড়া সরাসরি ইএফটি (ঊঋঞ)-এর মাধ্যমে অর্থ প্রদান শুরু হয়েছে এবং দীর্ঘমেয়াদি সমাধানের জন্য এই বোর্ড ও ট্রাস্টকে মূল বাজেটে অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে।

মহাপরিচালক আরও বলেন, শিক্ষা ব্যবস্থাপনায় 'লার্নিং উইথ হ্যাপিনেস' বা আনন্দময় শিক্ষা নিশ্চিত করতে হবে, যেখানে শিক্ষার্থীরা ভয়হীন পরিবেশে জ্ঞান অর্জন করবে। তৃণমূল পর্যায়ে ডিজিটাল লিটারেসি ও কোডিং শিক্ষা পৌঁছে দিতে 'ওয়ান টিচার, ওয়ান ট্যাব' উদ্যোগ ও কম্পিউটার ল্যাব স্থাপন করা হচ্ছে। এছাড়া আগামীতে ঢাকায় অনুষ্ঠিতব্য ১২তম জাতীয় রোভার মুটে চাঁদপুর থেকে সর্বোচ্চ সংখ্যক রোভার স্কাউটকে অংশগ্রহণের আহ্বান জানান তিনি।

চাঁদপুর জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ রুহুল্লাহর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চাঁদপুরের জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। তিনি বলেন, "জাতির টেকসই উন্নয়নের মূল ভিত্তি হলো মানসম্মত শিক্ষা। শিক্ষকদের শ্রেণিকক্ষ ও ব্যক্তিগত জীবনে শিক্ষার্থীদের জন্য রোল মডেল হতে হবে।" এছাড়া শিক্ষার্থীদের মাদক, বাল্যবিবাহ ও কিশোর গ্যাংয়ের কুফল সম্পর্কে সচেতন করার পাশাপাশি সাংস্কৃতিক চর্চা ও সহশিক্ষা কার্যক্রমের মাধ্যমে ভালো মানুষ হিসেবে গড়ে তোলার তাগিদ দেন তিনি।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাউশির পরিচালক (কলেজ ও প্রশাসন) প্রফেসর মোঃ নাজমুল হক, অবসর সুবিধা বোর্ডের সচিব মো. মোশাররফ হোসেন লিটন, মাউশি কুমিল্লা অঞ্চলের উপ-পরিচালক মোঃ আরিফুল ইসলাম, চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী এবং ড্যাফোডিল ইন্টারন্যাশনাল কলেজের অধ্যক্ষ ক্যাপ্টেন এস আই এম জাহানইয়ার।

কচুয়া সরকারি কলেজের প্রভাষক অর্পণা দেবের সঞ্চালনায় সেমিনারে জেলার শিক্ষা কর্মকর্তা এবং সাড়ে তিন শতাধিক শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান উপস্থিত ছিলেন। সেমিনারের পূর্বে বাংলাদেশ স্কাউট চাঁদপুর জেলা রোভারের আয়োজনে একটি ডে ক্যাম্প অনুষ্ঠিত হয়, যেখানে প্রধান অতিথি হিসেবে মাউশি মহাপরিচালক স্কাউটদের মাঝে সনদ বিতরণ করেন।

বাংলাদেশে সব ধর্মের মানুষের

যার, উৎসব সবার'-এই চেতনা ধারণ করে সবাইকে মিলেমিশে বসবাস করার আহ্বান জানিয়ে শেখ ফরিদ আহমেদ মানিক বলেন, "দুর্গাপূজাকে কেন্দ্র করে কোনো অশুভ শক্তি যেন সম্প্রীতির পরিবেশ বিনষ্ট করতে না পারে, সে বিষয়ে সকলকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। পূজামণ্ডপে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা, ভক্ত ও দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা এবং যেকোনো অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে আগাম প্রস্তুতি নেওয়া জরুরি।"

তিনি আরও জোর দিয়ে বলেন, উৎসবের শৃঙ্খলা ও সৌহার্দ্য বজায় রাখতে পূজামণ্ডপের আয়োজক, স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং রাজনৈতিক নেতৃবৃন্দের মধ্যে নিবিড় সমন্বয় থাকতে হবে। পাশাপাশি সরকারি বরাদ্দ যেন যথাযথ ও স্বচ্ছ প্রক্রিয়ায় বাস্তবায়িত হয়, সেদিকে খেয়াল রাখার নির্দেশনা দেন তিনি।

হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক অজয় কৃষ্ণ মজুমদার এবং কমলাপুর দুর্গাপূজা মণ্ডপের প্রতিনিধি শংকর ঘোষ। অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন-হাইমচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. শাহ আলম, জেলা বিএনপি'র সহ-সভাপতি খলিলুর রহমান গাজী, উপজেলা বিএনপি'র সভাপতি আমিন উল্লাহ বেপারী ও সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম সফিক। এছাড়া অনুষ্ঠানে বিভিন্ন সরকারি দপ্তরের কর্মকর্তাবৃন্দ, উপজেলার ছয়টি দুর্গাপূজা মণ্ডপের নেতৃবৃন্দ এবং বিএনপি ও তার অঙ্গ-সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি উপজেলার পূজা মণ্ডপগুলোর প্রতিনিধিদের হাতে সরকারি অনুদানের ডিও তুলে দেন।

চাঁদপুরে স্পিড ব্রেকার

শিক্ষাপ্রতিষ্ঠানের সামনে সড়কটি চরম ঝুঁকিপূর্ণ হওয়ায় শিক্ষার্থীদের সুরক্ষায় দ্রুত কার্যকর ব্যবস্থা নেওয়া জরুরি হয়ে পড়েছে।

জননিরাপত্তার স্বার্থে বক্তারা অবিলম্বে টেকনিক্যাল হাইস্কুলের প্রধান ফটকের দুই পাশে দুটি এবং গ্যাস কোম্পানি রোডের মুখে একটি স্পিড ব্রেকার নির্মাণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোর দাবি জানান। দাবি বাস্তবায়ন না হলে আগামীতে আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারি দেন তারা।

কর্মসূচিতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা স্বেচ্ছাসেবক দলের ১ নম্বর সদস্য ইঞ্জিনিয়ার মো. সামাউন কবির, পৌর ১৩ নম্বর ওয়ার্ড স্বেচ্ছাসেবক দলের সিনিয়র সহ-সভাপতি শাহাদাত হোসেন মুন্সী, ওয়ার্ড বিএনপির সভাপতি মো. মাজেদ গাজী, স্থানীয় বাসিন্দা মো. আলমগীর হোসেন রঞ্জু পাটোয়ারী ও তাহামিনা আক্তার হ্যাপিসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ। মানববন্ধনটি শান্তিপূর্ণভাবে শেষ হয়।

মতলব উত্তরে ডুবগী যুবসমাজের

ঐক্য ফ্রন্টের আহ্বায়ক বাবু বলরাম গোস্বামী, সৌদি আরবপ্রবাসী মো. রাসেল জমাদার ও সমাজসেবক রশিদ আলম প্রধান।

অনুষ্ঠান সঞ্চালনা করেন গজরা ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার শফিকুল ইসলাম ও সারা ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মো. আমিরুল ইসলাম রাসেল। খেলায় রেফারির দায়িত্ব পালন করেন মেহেদী হাসান পাভেল। এ সময় স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, সমাজসেবক ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মতলব পৌর জামায়াতের

এ ধরনের আয়োজনের মধ্য দিয়ে সাংগঠনিক কর্মকাণ্ডের পাশাপাশি নেতাকর্মীদের পারস্পরিক পরিচিতি, মতবিনিময় এবং পারিবারিক যোগাযোগ বৃদ্ধির সুযোগ তৈরি হয়। সকাল ৯টায় শুরু হওয়া এ আয়োজন দুপুর ১২টায় শেষ হয়। মতলব পৌর জামায়াতের এ উদ্যোগে সংগঠনের নেতৃবৃন্দের অংশগ্রহণে ফ্যামিলি ডে সম্পন্ন হয়।

লাল শিমুলে রাঙবে

মেঘনার অববাহিকায় এই বিশেষ বনায়ন উদ্যোগের ফলে একদিকে যেমন চরের প্রাকৃতিক সৌন্দর্য বহুগুণ বৃদ্ধি পাবে, অন্যদিকে চরের মাটি শক্ত পকেট তৈরীর মাধ্যমে নদীভাঙন রোধ এবং স্থানীয় জীববৈচিত্র্য রক্ষায় এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আদর্শ সমাজ গড়তে

জীবন নয়, এটি একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। আমাদের লক্ষ্য হতে হবে ইসলামের দাওয়াত প্রতিটি ঘরে ঘরে পৌছে দেওয়া। যুবসমাজকে সঠিক পথে পরিচালিত করতে হলে তাদের মধ্যে নৈতিকতা, দেশপ্রেম ও মানবিকতার বিকাশ ঘটাতে হবে।"

তিনি আরও বলেন, একটি আদর্শ সমাজ প্রতিষ্ঠায় মানুষের মধ্যে সততা, পারস্পরিক শ্রদ্ধাবোধ, সহনশীলতা ও দায়িত্বশীলতা গড়ে তোলা জরুরি। ইসলামের নৈতিক শিক্ষা মানুষের কাছে পৌছে দিতে দাওয়াতি কার্যক্রম আরও গতিশীল করার ওপরও তিনি গুরুত্ব দেন।

শাহজাহান খান বলেন, বর্তমান সমাজে নানা ধরনের প্রলোভন ও অপসংস্কৃতির চ্যালেঞ্জ মোকাবিলায় তরুণ প্রজন্মকে নৈতিক শিক্ষায় উদ্বুদ্ধ করা প্রয়োজন। পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনগুলোর সম্মিলিত প্রচেষ্টা তরুণদের সৎ, মানবিক ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে সহায়ক হতে পারে।

সমাবেশে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর শহর জামায়াতের সেক্রেটারি শেখ বেলায়েত হোসেন ও সহকারী সেক্রেটারি মো. সবুজ খান।

বক্তারা বলেন, সমাজে ইতিবাচক পরিবর্তন আনতে নৈতিক শিক্ষা, মানবিক আচরণ এবং মানুষের অধিকার রক্ষার চর্চা বাড়াতে হবে। একই সঙ্গে সামাজিক সম্প্রীতি বজায় রাখা ও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর মাধ্যমে কল্যাণমুখী সমাজ গঠনে সবাইকে ভূমিকা রাখতে হবে।

সমাবেশে ওয়ার্ড জামায়াতের নেতাকর্মী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তি, যুবসমাজ ও এলাকার সাধারণ মানুষ উপস্থিত ছিলেন। আলোচনা শেষে দেশ, জাতি ও মুসলিম উম্মাহর কল্যাণ এবং সমাজে শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠার কামনায় দোয়া ও মোনাজাতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

ফরিদগঞ্জে খেলার মাঠ

ইউনিয়নে খেলার মাঠ নিশ্চিত করার উদ্যোগকে তাঁরা স্বাগত জানান। প্রধানমন্ত্রীর এ উদ্যোগের সঙ্গে সংগতি রেখে কেরোয়া গ্রামের ঐতিহ্যবাহী খেলার মাঠটি পুনরুদ্ধারে কার্যকর পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

বক্তারা আরও বলেন, খেলার মাঠের অভাবে নতুন প্রজন্ম খেলাধুলা থেকে দূরে সরে যাচ্ছে। এতে মাদক, জুয়া ও মোবাইল ফোনের প্রতি আসক্তির ঝুঁকি বাড়ছে। পাশাপাশি সামাজিক ও পারিবারিক অস্থিরতাও বাড়ছে। নিয়মিত খেলাধুলার সুযোগ নিশ্চিত করা গেলে শিশু-কিশোর ও তরুণেরা শারীরিক ও মানসিকভাবে সুস্থভাবে বেড়ে ওঠার সুযোগ পাবে।

সংবাদিক ও সহকারী অধ্যাপক মো. মহিউদ্দিনের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য দেন উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ভিপি মজিবুর রহমান দুলাল।

এ সময় উপস্থিত ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী তোফায়েল আহমেদ, পৌর ছাত্রদলের সাবেক আহ্বায়ক কামরুল ইসলাম পাটওয়ারী, ব্যবসায়ী সোহেল হামিদ, সাবেক খেলোয়াড় জিয়াউর রহমান জিয়া, ছাত্রদল নেতা আব্দুল মালেক রায়হান, শ্রাবণ মানিক ও শিমুল পাটওয়ারী। এ ছাড়া ক্লাব পর্যায়ের খেলোয়াড় ওমর ফারুক মীম, মারুফ আহমেদ, শিমুল হাসানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তি, যুবসমাজ ও সাবেক খেলোয়াড়েরা উপস্থিত ছিলেন।

ফরিদগঞ্জে সরকারি হাসপাতালে

সেখানে কর্তব্যরত স্বাস্থ্যকর্মী নূর হোসেন সরাসরি এক হাজার টাকা দাবি করেন। এ সময় মোস্তফা ৫০০ টাকা দিতে চাইলে নূর হোসেন তা নিতে অস্বীকৃতি জানান। মোস্তফার দাবি, নূর হোসেন তাঁকে বলেন– "হাতের প্লাস্টার হবে ৫০০ টাকা নেওয়া যাবে, কিন্তু পায়ের প্লাস্টারের জন্য ৫০০ টাকা নেওয়া যাবে না।" টাকা দেওয়া ও নেওয়া সংক্রান্ত এই বাগবিতণ্ডার একটি ভিডিও পরবর্তীতে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

এদিকে সরকারি হাসপাতালের মতো জরুরি সেবার জন্য কোনো নির্ধারিত ফি রয়েছে কি না, আর থাকলেও তার পরিমাণ কত–তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদন্তের মাধ্যমে জনসমক্ষে স্পষ্ট করার দাবি জানিয়েছেন স্থানীয় সচেতন মহল।

অভিযোগের বিষয়ে জানতে অভিযুক্ত স্বাস্থ্যকর্মী নূর হোসেনের সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি সংবাদমাধ্যমের কাছে কোনো মন্তব্য করতে বা বক্তব্য দিতে রাজি হননি।

এ বিষয়ে ফরিদগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা আসাদুজ্জামান জুয়েল জানান, "সামাজিক যোগাযোগমাধ্যমে ভিডিও এবং অভিযোগের বিষয়টি আমরা জানতে পেরেছি। ঘটনাটি গুরুত্ব দিয়ে তদন্ত করা হচ্ছে এবং তদন্ত সাপেক্ষে দ্রুত প্রয়োজনীয় আইনানুগ ও বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।"

শাহরাস্তি দারুল কুরআন

তিনি বলেন, "দয়া করে আপনারা শিক্ষার্থীদের মারবেন না। আপনাদের যদি মারতে ইচ্ছা হয়, প্রয়োজনে আমাকে মারবেন, তারপরও এই কোমলমতি শিশুদের মারবেন না।"

অনুষ্ঠানে বিশেষ মেহমান হিসেবে আরও উপস্থিত ছিলেন মাওলানা জাহাঙ্গীর আলম, বাদশাহ ফয়সাল, আলী আজগর মিয়াজী, হাফেজ মাওলানা হোসাইন আহমদ চাঁদপুরী, মাওলানা সামছুদ্দিন জায়েদী, হাফেজ মাওলানা সাইফুল ইসলাম, মাওলানা আনাছ, মাওলানা আবু তাহের মাওলানা মোশারফ হোসেন, হাফেজ কবির হোসেন সহ আরো ওলামায়ে কেরামগণ উপস্থিত ছিলেন এবং শাহরাস্তি প্রেসক্লাবের সভাপতি মইনুল ইসলাম কাজলসহ অন্যান্য অতিথি।

সড়ক দুর্ঘটনায় ইব্রাহীম

সাড়ে ৫টায় ইব্রাহীম দর্জি নিজ বাড়ি মৈশাদী থেকে মেয়ের শ্বশুরবাড়ি যাচ্ছিলেন। পথিমধ্যে চাঁদপুর-কুমিল্লা সড়কের নুরুল হক উচ্চ বিদ্যালয়ের সামনে তিনি সিএনজি থেকে নেমে ভাড়া দিচ্ছিলেন। এ সময় পেছন থেকে আসা দ্রুতগামী আরকেটি সিএনজি অটোরিকশা তাকে প্রচন্ড জোরে আঘাত করলে তিনি রাস্তায় লুটিয়ে পড়েন।

দুর্ঘটনার পর পরই সঙ্গে থাকা তার মেয়ে বর্ষা আক্তার স্থানীয়দের সহায়তায় তাকে উদ্ধার করে দ্রুত ২৫০ শয্যা বিশিষ্ট চাঁদপুর জেনারেল হাসপাতালে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।

এদিকে প্রবীণ এই পরিবহন শ্রমিকের আকস্মিক মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে চাঁদপুর জেলা ট্রাক-ট্যাংক লরি কাভার্ড ভ্যান সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন। এক শোকবার্তায় সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি মোঃ মাসুদ ও সাধারণ সম্পাদক আবুল কালাম মন্টু মরহুমের আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

হাজীগঞ্জে সাংবাদিকদের সাথে

সামাজিক সমস্যা ও এর প্রতিকার নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

হাজীগঞ্জ প্রেস ক্লাবের সভাপতি কামরুজ্জামান টুটুলের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মেহেদী হাসান পাপ্পুর সঞ্চালনায় সভায় প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন অফিসার ইনচার্জ (ওসি) মো. কাওসার আলম ভূঁইয়া। তিনি উপজেলার আইনশৃঙ্খলা রক্ষায় এবং অপরাধমুক্ত সমাজ গঠনে সাংবাদিকদের বস্তুনিষ্ঠ তথ্য ও সার্বিক সহযোগিতা কামনা করেন।

সভায় সাংবাদিকদের মধ্যে আরও বক্তব্য রাখেন প্রেস ক্লাবের সাবেক সভাপতি খালেকুজ্জামান শামীম ও হাছান মাহমুদ, সহ-সভাপতি সাইফুল ইসলাম সিফাত ও মেহেদী হাসান সর্দার, যুগ্ম সম্পাদক এসএম মিরাজ মুন্সী ও মঞ্জুর আলম পাটোয়ারী, প্রচার সম্পাদক হুমায়ুন কবির, তথ্য ও প্রযুক্তি সম্পাদক সুজন দাস, সদস্য মহিউদ্দিন আল আজাদ, রেজাউল করিম নয়ন, কামাল হোসেন, সাইফুল ইসলাম, হাবিবুর রহমান, মজিবুর রহমান রনি, হোসেন বেপারী এবং মোহাম্মদ উল্লাহ বুলবুল।

মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে হাজীগঞ্জ থানার ওসি (তদন্ত) রাজিব শর্মা, সাংবাদিক কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক খন্দকার আরিফ, সাংগঠনিক সম্পাদক জহির হোসেনসহ স্থানীয় বিভিন্ন গণমাধ্যমের কর্মীরা উপস্থিত ছিলেন।

নোবেল না পেয়ে এবারও

নরওয়েজিয়ান নোবেল কমিটি এ বছরের বিজয়ী হিসেবে দক্ষিণ আফ্রিকার প্রবীণ বিচারক নাভি পিল্লাইয়ের নাম ঘোষণা করে। জাতিসংঘের সাবেক এই বিচারক গাজায় ইসরায়েলের গণহত্যার ওপর একটি গুরুত্বপূর্ণ তদন্ত প্রতিবেদনে নেতৃত্ব দিয়েছিলেন। নোবেল ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই ক্ষোভে ফেটে পড়েন ট্রাম্প। কোনো রাখ ঢাক না রেখে তার মত করেই বিষোদগার করেন তিনি। এদিকে শুক্রবার নিউ ইয়র্কের সিরাকিউসে এক নির্বাচনি জনসভায় বক্তব্য দেওয়ার সময় নোবেল বিজয়ী নাভি পিল্লাইকে স্রেফ একজন 'অচেনা মুখ' হিসেবে উড়িয়ে দেন মার্কিন প্রেসিডেন্ট। তিনি বলেন, "আমি এই ব্যক্তির নাম আগে কখনোই শুনিনি। কেউই শোনেনি।"

রয়টার্স লিখেছে, নিজের মেয়াদে প্রতি বছরই নোবেল পুরস্কার না পাওয়ার হতাশা প্রকাশ করে আসছেন ট্রাম্প। এবারও নিজেকে সামলাতে পারেননি। হতাশা উগরে দিয়ে তিনি বলেন, "নরওয়ের ওপর এবং যারা এমন এক লজ্জাজনক ও অপমানজনক সিদ্ধান্ত নিয়েছে, তাদের গায়ে এটি একটি অমোচনীয় কলঙ্ক হয়ে থাকবে।"

বক্তব্যে কোনো সুনির্দিষ্ট প্রমাণ ছাড়াই একাধিক আন্তর্জাতিক সংঘাত নিরসনে নিজের ভূমিকা ছিল বলে দাবি করেন ট্রাম্প।

তিনি বলেন, উত্তর ও দক্ষিণ কোরিয়া, জাপান ও উত্তর কোরিয়া এবং চীন ও তাইওয়ানের মধ্যে সম্ভাব্য যুদ্ধ ছড়িয়ে পড়া ঠেকিয়েছেন তিনি।

নরওয়েকে সরাসরি সতর্ক করে ট্রাম্প বলেন, "গণতন্ত্রবিরোধী ও সভ্যতার আসল শত্রু একদল চরমপন্থি মতাদর্শীর কারণে নোবেল শান্তি পুরস্কার চিরতরে তার মর্যাদা হারিয়েছে। আর নরওয়েকে বলছি, আমরা কিন্তু এই ঘটনা ভুলব না।"

অপুষ্টি, ব্যাধি ও দুর্যোগের

শিশুদের মতো হাসতে, হাঁটতে আর কথা বলতে পারে।

শিশু রিফাত আরার এই করুণ চিত্র রোহিঙ্গা ক্যাম্পের হাজারও অসম্পূর্ণ শৈশবের এক ছোট্ট প্রতিচ্ছবি মাত্র। পাহাড়ে ঘেরা উখিয়া-টেকনাফের শরণার্থী শিবিরে ভোর আসে এক ভিন্ন রকম বিষণ্নতায়। বাঁশ আর ত্রিপলের ঘরের ফাঁক গলে শিশুরা বের হয়ে পড়েড় কেউ একটুখানি খাবারের প্রত্যাশায়, কেউ স্বাস্থ্যকেন্দ্রের দীর্ঘ লাইনে, আবার কেউ বা ছুটে যায় ছোট্ট লার্নিং সেন্টারের (শিক্ষাকেন্দ্র) দিকে। কিন্তু একই বয়সের আরেকটি দল তখনও বন্দি ঘরের অন্ধকূপে। তাদের কেউ অপুষ্টিতে নিস্তেজ, কেউ বা রোগের সঙ্গে লড়ে শারীরিকভাবে ভেঙে পড়েছে, আর কেউ হারিয়েছে স্কুলে যাওয়ার সুযোগ। তদুপরি বর্ষা নামলেই ডেঙ্গুসহ মশাবাহিত রোগ, পাহাড়ি ঢল আর ভূমিধসের আতঙ্ক তাদের জীবনকে ফেলে দেয় চরম অনিশ্চয়তায়। ২০২৬ সালের জুনের হালনাগাদ তথ্য অনুযায়ী, কক্সবাজার ও ভাসানচরের ঘিঞ্জি শিবিরে আশ্রয় নেওয়া ১২ লক্ষাধিক রোহিঙ্গার খাদ্য, স্বাস্থ্য, নিরাপদ পানি, স্যানিটেশন, শিক্ষা ও শিশুসুরক্ষার পুরোটাই মানবিক সহায়তার ওপর নির্ভরশীল।

জাতিসংঘের শিশু তহবিল (ইউনিসেফ), ইউএনএইচসিআর এবং মানবিক অংশীদার সংস্থাগুলোর হিসাব অনুযায়ী, ক্যাম্পগুলোতে অন্তত ৬ লাখ ২৪ হাজার শিশুর জন্য জরুরি মানবিক সহায়তা প্রয়োজন। আর এই শিশুদের জীবনের সবচেয়ে প্রকট তিনটি সংকট হয়ে দাঁড়িয়েছেড় তীব্র অপুষ্টি, সংক্রামক ব্যাধির ঝুঁকি এবং শিক্ষার তীব্র অনিশ্চয়তা।

অপুষ্টির শরীরে থমকে যাওয়া শৈশব

২০২৫ সালের শুরুতেই রোহিঙ্গা শিবিরের শিশুদের পুষ্টিপরিস্থিতি নিয়ে বড় ধরনের সতর্কবার্তা দিয়েছিল ইউনিসেফ। জাতিসংঘের এই শিশু সংস্থার হিসাবে, ২০২৫ সালের ফেব্রুয়ারিতে তীব্র অপুষ্টিতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া শিশুর সংখ্যা আগের বছরের একই সময়ের তুলনায় ২৭ শতাংশ বেড়ে যায়। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে যেখানে ৮৩৬ জন শিশু ভর্তি হয়েছিল, ২০২৫ সালের একই সময়ে সে সংখ্যা দাঁড়ায় ১ হাজার ৬২ জনে। এর আগে জানুয়ারি মাসেও বাড়ার হার ছিল ২৫ শতাংশ। বছরের শুরুতেই ইউনিসেফ আশঙ্কা প্রকাশ করেছিল যে, ২০২৫ সালজুড়ে প্রায় ১৪ হাজার ২০০ শিশু চরম অপুষ্টির শিকার হতে পারে।

নিয়ম অনুযায়ী, পাঁচ বছরের কম বয়সী রোহিঙ্গা শিশুরা পুষ্টিকেন্দ্রে গিয়ে নিয়মিত ওজন ও উচ্চতা মাপা, স্বাস্থ্য পরীক্ষা এবং পুষ্টি বিষয়ক পরামর্শ পেয়ে থাকে। চিকিৎসকদের মতে, তীব্র অপুষ্টিতে ভোগা শিশু সময়মতো চিকিৎসা না পেলে সাধারণ শিশুর তুলনায় তার মৃত্যুঝুঁকি বহুগুণ বেড়ে যায়। কিন্তু শিবিরের চাহিদার তুলনায় সেবার পরিধি এতটাই সীমিত যে, প্রতিটি অসুস্থ শিশুর কাছে সময়মতো পৌঁছানোই এখন বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) ২০২৫-২৬ সালের 'পাবলিক হেলথ নিডস অ্যাসেসমেন্ট'-এ ২ হাজার ১৪টি রোহিঙ্গা পরিবারের ওপর পরিচালিত সমীক্ষায় দেখা যায়, ক্যাম্পের বাসিন্দারা দীর্ঘদিন ধরে চর্মরোগ ও ডায়রিয়ার মতো ব্যাধিতে ভুগছেন। পাশাপাশি তীব্র শ্বাসতন্ত্রের সংক্রমণ এবং ডেঙ্গুর প্রকোপও আশঙ্কাজনকভাবে বেড়েছে। এই মূল্যায়নে আরও দেখা যায়, দীর্ঘমেয়াদি রোগে আক্রান্ত পরিবারের হার ২০২৪ সালের ১৯.২ শতাংশ থেকে বেড়ে ২০২৫ সালে ৩২.৫ শতাংশে পৌঁছেছে। অবনতি ঘটেছে মাতৃ ও শিশুস্বাস্থ্য সূচকেও; গর্ভকালীন সেবা গ্রহণের হার কমে নেমেছে ৩৫ শতাংশে এবং শিশুদের অসম্পূর্ণ টিকাদানের হার বেড়ে দাঁড়িয়েছে ২৭.৮ শতাংশে।

বর্তমানে এই স্বাস্থ্যসেবা টিকিয়ে রাখার ক্ষেত্রে সবচেয়ে বড় বাধা হয়ে দাঁড়িয়েছে তীব্র অর্থসংকট। ২০২৬ সালের জুনে বিশ্ব স্বাস্থ্য সংস্থা জানায়, কক্সবাজারের স্বাস্থ্যখাত সমন্বয় ও নেতৃত্বের জন্য তাদের চাহিদার ৬৪ শতাংশ অর্থ ঘাটতি রয়েছে। এই ঘাটতির কারণে সংক্রামক রোগ নজরদারি, প্রাদুর্ভাব শনাক্তকরণ ও জরুরি চিকিৎসা জোরদার করার প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব পড়ার ঝুঁকি তৈরি হয়, যা সেপ্টেম্বর নাগাদ পুরো সমন্বয় ব্যবস্থাকেই দুর্বল করে তুলতে পারে। সহজ কথায়, এই অর্থসংকটের অর্থ হলোড় ক্যাম্পগুলোতে হঠাৎ কোনো মহামারি বা প্রাদুর্ভাব দেখা দিলে তা দ্রুত শনাক্তকরণ, তথ্য বিশ্লেষণ, স্বাস্থ্যকেন্দ্রগুলোর মধ্যে যোগাযোগ রক্ষা এবং জরুরি পদক্ষেপ নেওয়ার সক্ষমতা মারাত্মকভাবে বিঘ্নিত হওয়া। ইউনিসেফের ২০২৬ সালের মধ্যবর্ষের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, কক্সবাজার ও ভাসানচরে সেবা চালু থাকলেও অর্থের অভাবে তার পরিধি বাড়ানো যাচ্ছে না। এর মধ্যে আবার যুক্ত হয়েছে সামাজিক ও পারিবারিক নির্যাতন, শিক্ষার অপ্রতুলতা এবং বাধ্যগত শিশুশ্রম, যার ফলে গভীর মানসিকভাবে ক্ষতিগ্রস্ত বা 'ট্রমাটাইজড' শিশুর সংখ্যা দিন দিন বাড়ছে। তবে, এই সংকট কেবল কোনো শুষ্ক পরিসংখ্যান নয়; প্রতিটি সংখ্যার পেছনে রয়েছে একটি জীবিত শিশু, একটি অসহায় পরিবার এবং এক বিষাদময় শৈশব। যেখানে শৈশবের ভোরেই অনেক শিশু লড়ছে অপুষ্টি এবং শারীরিক-মানসিক নানা জটিলতার বিরুদ্ধে। এমনই এক মানবিক বাস্তবতার শিকার দুই বছরের শিশু সোফিবা। জন্মের পরপরই তার শরীর চেপে ধরে জ্বর আর দীর্ঘস্থায়ী ডায়রিয়া। বারবার অসুস্থ হয়ে শুকিয়ে হাড্ডিসার হতে থাকে শিশুটি। একপর্যায়ে ক্যাম্পের পুষ্টিকর্মী বাড়িতে গিয়ে পরীক্ষা করে জানান, সোফিবা তীব্র অপুষ্টিতে ভুগছে।

মা রুবেদার চোখে তখন ফুটফুটে মেয়েটিকে হারানোর তীব্র আতঙ্ক। সোফিবা এতটাই নিস্তেজ হয়ে পড়েছিল যে, স্বাভাবিক খেলাধুলা তো দূরের কথা, দাঁড়াতেও পারছিল না। পরে নিবিড় পুষ্টি চিকিৎসার আওতায় এনে তাকে সুস্থ করার চেষ্টা শুরু হয়। ২০২৫ সালে প্ল্যান ইন্টারন্যাশনালসহ ১৪টি দেশি-বিদেশি সংস্থা যৌথ হুশিয়ারি দিয়ে বলেছিল, অর্থসংকটের কারণে প্রায় ২ লাখ ৩০ হাজার শিশু শিক্ষা হারানোর ঝুঁকিতে রয়েছে। তারা স্পষ্ট জানিয়েছিল, খাদ্য সহায়তা কমে গেলে পুষ্টিহীনতায় ভোগা শিশুদের অবস্থা আরও করুণ হয়ে উঠবে।

ইউনিসেফের সাম্প্রতিক তথ্যানুযায়ী, ২০২৬ সালের জুন পর্যন্ত কক্সবাজার ও ভাসানচরে ১ লাখ ৬৯ হাজার ৭০০ শিশুকে অপুষ্টির জন্য স্ক্রিনিং করা হয়েছে। এর মধ্যে তীব্র অপুষ্টিতে ভোগা ৬ হাজার ৮০০ শিশুকে জরুরি চিকিৎসা দেওয়া হয়েছে। একই সময়ে ৮৭ হাজার ৩০০ অভিভাবককে শিশু ও নবজাতকের সঠিক খাদ্যাভ্যাস নিয়ে পরামর্শ দেওয়া হয় এবং ১ লাখ ৬৮ হাজার ৭০০ শিশুকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়েছে। এত কিছুর পরও ঝুঁকি কমেনি, বরং দেখা দিয়েছে নতুন উদ্বেগ। ২০২৬ সালের শুরু থেকে চিকিৎসাজনিত জটিলতাসহ চরম অপুষ্টির চিকিৎসা ব্যবস্থাপনাটি বিশেষায়িত পুষ্টি খাত থেকে সরিয়ে সাধারণ 'প্রাথমিক স্বাস্থ্যসেবা' ব্যবস্থার অধীনে স্থানান্তর করা হয়।

ইউনিসেফের পর্যবেক্ষণে উঠে এসেছে, এই প্রশাসনিক রদবদলের পর জটিল অপুষ্টিতে ভোগা শিশুদের হাসপাতালে ভর্তির হার হঠাৎ কমে গেছে। এতে আশঙ্কা তৈরি হয়েছে যে, জটিল রোগে ভোগা শিশুরা হয়তো ঠিকমতো শনাক্ত হচ্ছে না কিংবা উপযুক্ত হাসপাতালে রেফার করা যাচ্ছে না।

এই ঝুঁকি এড়াতে বর্তমানে রেফারেল ব্যবস্থা জোরদার এবং স্বাস্থ্যকর্মীদের পুনর্দফা প্রশিক্ষণের উদ্যোগ নেওয়া হয়েছে। অর্থাৎ, কেন্দ্র আছে, কর্মসূচিও চলছে, স্ক্রিনিংও হচ্ছেড় কিন্তু সবচেয়ে বেশি ঝুঁকিতে থাকা মুমূর্ষু শিশুটিকে সঠিক সময়ে সঠিক চিকিৎসা কেন্দ্রের টেবিলে পৌঁছানোই এখন সবচেয়ে বড় লড়াই।

'পুষ্টি আপা'-তেই ভরসা খুঁজছেন অভিভাবকরা

২০২৬ সালে নিউট্রিশন সেক্টরের অধীনে ৭টি অংশীদার সংস্থা যৌথভাবে কক্সবাজারের ৩৩টি ক্যাম্পে 'ইন্টিগ্রেটেড নিউট্রিশন ফ্যাসিলিটি' (আইএনএফ) পরিচালনা করছে। এই কার্যক্রমে যারা শিশুখাদ্য ও পুষ্টি পরামর্শক (আইওয়াইসিএফ কাউন্সিলর) হিসেবে সেবা দেন, ক্যাম্পের সাধারণ মানুষ ভালোবেসে সেই নারীকর্মীদের ডাকেন 'পুষ্টি আপা' নামে।

কুতুপালং শিবিরের এমনই এক পুষ্টি পরামর্শক সাদিয়া আরাফিন। গত দুই বছর ধরে রোহিঙ্গা পরিবারগুলোর সঙ্গে নিবিড়ভাবে কাজ করছেন তিনি। অভিজ্ঞতার কথা তুলে ধরে সাদিয়া বলেন, 'অপুষ্টির চিকিৎসা অনেক সময় ওষুধ দিয়ে শুরু হয় না; শুরু হয় আন্তরিক কথোপকথন আর বোঝানোর মধ্য দিয়ে।'

নিজের অভিজ্ঞতায় দেখা ইউসুফ নামের এক শিশুর সুস্থ হয়ে ওঠার গল্প শুনিয়ে তিনি বলেন, 'শিশুটির অবস্থা ছিল অত্যন্ত আশঙ্কাজনক, ছিল তীব্র অপুষ্টি। তবে, নিয়মিত চিকিৎসা আর সঠিক খাদ্য-পরামর্শের পর তা মাঝারি মাত্রার অপুষ্টিতে নেমে আসে, যা পূর্ণ সুস্থতার পথে এক বড় অগ্রগতি। অপুষ্টিতে নিস্তেজ হয়ে পড়া কোনো শিশুর মুখে ক্ষুধা ফিরে আসা আর ওজন বাড়তে দেখার চেয়ে বড় কোনো প্রাপ্তি হতে পারে না। তবে, এই ছোট ছোট সাফল্যের পেছনের বাস্তবতা বেশ কঠিন। শিশু স্বাস্থ্য ও মনস্তত্ত্ব বিশেষজ্ঞদের মতে, শরণার্থী শিবিরে শিশুদের বাঁচানোর সংগ্রামটি কেবল ত্রাণ পৌঁছানোর মধ্য দিয়েই শেষ হয় না। সঠিক সময়ে অপুষ্টির শিকার শিশুকে খুঁজে বের করা, উপযুক্ত চিকিৎসা দেওয়া এবং জটিল পরিস্থিতি হলে দ্রুত বিশেষায়িত হাসপাতালে পাঠানোর সক্ষমতার ওপরও নির্ভর করে তাদের জীবন। এর ওপর রোহিঙ্গা পরিবারগুলোর কোনো স্বাধীন আয়-রোজগারের সুযোগ নেই বললেই চলে। বিশুদ্ধ পানি, খাবার, স্যানিটেশন থেকে শুরু করে চিকিৎসা সেবাড় সবকিছুর জন্যই তারা শতভাগ আন্তর্জাতিক মানবিক সহায়তার ওপর নির্ভরশীল। ফলে খাদ্য সহায়তায় সামান্য কাটছাঁট করা হলেও তার প্রভাব কেবল ক্ষণিকের ক্ষুধায় সীমাবদ্ধ থাকে না; তা একটু একটু করে শিশুর শারীরিক বৃদ্ধি, রোগ প্রতিরোধ ক্ষমতা এবং সার্বিক ভবিষ্যতের মূল ভিত ধ্বংস করে দেয়।

কলেরার আতঙ্ক, টিকায় ফিরছে স্বস্তি

কক্সবাজারের ৯ নম্বর রোহিঙ্গা ক্যাম্পের বাসিন্দা ১৪ বছরের কিশোরী আসমাউল হোসনা। হঠাৎ করেই শুরু হয় পানির মতো পাতলা পায়খানা। সময়ের ব্যবধানে দ্রুত নিস্তেজ হয়ে পড়তে থাকে সে। চোখের সামনে মেয়ের এমন আকস্মিক অবনতি দেখে ভয় পেয়ে যান মা আলমসাইর। দ্রুত তাকে নেওয়া হয় স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে। চিকিৎসকদের জরুরি সেবা ও প্রয়োজনীয় সহায়তায় অবশেষে বিপদ কেটে যায় আসমাউলের। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) প্রত্যক্ষ সহযোগিতায় শুরু হওয়া বিশেষ টিকাদান কর্মসূচি ক্যাম্পের এই পরিবারগুলোকে নতুন করে আশার আলো দেখাচ্ছে। ২০২৪ সালের মাঝামাঝি সময় থেকে ২০২৫ সালের জানুয়ারি পর্যন্ত রোহিঙ্গা শিবিরে কলেরার বড় ধরনের প্রাদুর্ভাব শিশুদের জন্য প্রাণঘাতী হুমকি হয়ে উঠেছিল। বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরিসংখ্যান অনুযায়ী, এই সময়ে ক্যাম্পে মোট ৫৮১ জন কলেরা আক্রান্ত রোগী ল্যাব-পরীক্ষায় শনাক্ত হন, যার প্রায় ৪০ শতাংশই ছিল পাঁচ বছরের কম বয়সী শিশু। সংক্রমণের ভয়াবহতা রুখতে ২০২৫ সালের জানুয়ারিতে ডব্লিউএইচও-এর উদ্যোগে মুখে খাওয়ার বিশেষ কলেরা টিকাদান অভিযান পরিচালিত হয়। এ সময় ক্যাম্পের প্রায় ৯ লাখ ৭৭ হাজার মানুষকে এই টিকার আওতায় আনা হয়, যার মধ্যে শিশুর সংখ্যাই ছিল ৪ লাখ ১০ হাজারের বেশি। পরবর্তীতে একই বছরের এপ্রিল মাসে এক থেকে পাঁচ বছর বয়সী আরও ১ লাখ ৭৭ হাজার ২২২ জন শিশুকে দেওয়া হয় টিকার দ্বিতীয় ডোজ। ক্যাম্পের এই সংকটজনক অভিজ্ঞতা তুলে ধরে কক্সবাজারের সিভিল সার্জন ডা. মোহাম্মদ ছাবের বলেন, 'এই প্রাদুর্ভাব থেকে পাওয়া সবচেয়ে বড় শিক্ষা হলোড় সংকট দরজায় কড়া নাড়া পর্যন্ত হাত গুটিয়ে বসে থাকা যাবে না। মহামারি বা প্রাদুর্ভাব মোকাবিলার প্রস্তুতি নিতে হবে আগে থেকেই। একই প্রসঙ্গে বিশ্ব স্বাস্থ্য সংস্থার কক্সবাজার কার্যালয়ের প্রধান ডা. জর্জ মার্টিনেজ জোর দিয়ে বলেন, 'পূর্বপ্রস্তুতি থাকলে যেকোনো জরুরি মুহূর্তে মানুষের অমূল্য জীবন রক্ষা করা অনেক সহজ হয়ে যায়। আর এই আগাম প্রস্তুতির মূল ভিত্তি হলো সাধারণ মানুষের আস্থা এবং স্থানীয় কমিউনিটিকে সক্ষম করে তোলা।

হাম, ডেঙ্গু ও ডায়রিয়ায় বাড়ছে চরম স্বাস্থ্যঝুঁকি

কয়েক বছর আগেও তিন বছরের ছোট্ট শরীফের চেনা জগৎ ছিল তাদের ছোট্ট ঘর আর আশপাশের ক্যাম্প। কিন্তু এক দিন দূষিত পানি ও নোংরা পরিবেশের কারণে মারাত্মক অসুস্থ হয়ে পড়ে সে। পরিস্থিতি এতটাই সংকটাপন্ন হয়ে ওঠে যে, তাকে দ্রুত হাসপাতালে ভর্তি করে দু'দিন জরুরি নিবিড় পর্যবেক্ষণে রাখতে হয়।

একপর্যায়ে শরীফ জ্ঞান হারিয়ে ফেলে। চিকিৎসকদের চেষ্টায় তার জীবন বাঁচলেও হু হু করে কমতে থাকে শরীরের ওজন। পরবর্তীতে তাকে কক্সবাজার রোহিঙ্গা ক্যাম্পের একটি সমন্বিত পুষ্টিকেন্দ্রে নেওয়া হয়। সেখানে তার ওজন ও উচ্চতা মেপে শুরু হয় নিবিড় পুষ্টি চিকিৎসা। এটি এমন এক নির্ভেজাল সত্যের প্রতিচ্ছবিড় যেখানে রোহিঙ্গা শিশুদের অসুস্থতার নেপথ্যে দূষিত পানি, অস্বাস্থ্যকর পরিবেশ, অপুষ্টি ও অপর্যাপ্ত চিকিৎসা যৌথভাবে কাজ করে।

শরীফের ঘটনাটি দেখায়, কীভাবে একটি সংক্রামক ব্যাধি শেষ পর্যন্ত একটি শিশুকে ঠেলে দেয় পুষ্টি চিকিৎসাকেন্দ্রের টেবিলে।

রোহিঙ্গা শিবিরে স্বাস্থ্যঝুঁকি কোনো নির্দিষ্ট একটি রোগে সীমাবদ্ধ নেই। বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) ২০২৫২৬ সালের স্বাস্থ্য মূল্যায়নে চর্মরোগ ও ডায়রিয়ার পাশাপাশি শ্বাসতন্ত্রের তীব্র সংক্রমণ এবং ডেঙ্গুর মারাত্মক ঊর্ধ্বমুখী প্রবণতা ধরা পড়েছে। উখিয়ার ৪ নম্বর ক্যাম্পের বাসিন্দা মোহাম্মদ রফিকের আট বছরের ছেলে আমানুল্লাহ দুই মাস আগে হামে আক্রান্ত হয়। রফিক বলেন, 'ছেলের শরীরে হামের লক্ষণ দেখা দেওয়ার পরই হাসপাতালে নিয়ে যাই। চিকিৎসার একপর্যায়ে তার শারীরিক অবস্থার খুব অবনতি হয়েছিল। আল্লাহর অশেষ রহমতে ছেলেটি বেঁচে গেছে, তবে অন্য সন্তানদের নিয়ে সবসময় আতঙ্কে থাকি।'

একইভাবে গত বছর (২০২৫) ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মারা যায় উখিয়ার ৫ নম্বর ক্যাম্পের বাসিন্দা ছৈয়দ উল্লার নয় বছরের কন্যাসন্তান জামিরা। শোকাহত বাবা ছৈয়দ উল্লা বলেন, 'এক দিন হঠাৎ মেয়ের তীব্র জ্বর আসে। তিন-চার দিন পার হলেও জ্বর না কমায় হাসপাতালে নিই। সেখানেই মারা যায় আমার খুকি। চিকিৎসকরা জানান, সে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছিল।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার ২০২৫-২৬ সালের জনস্বাস্থ্য চাহিদা মূল্যায়নে ২ হাজার ১৪টি রোহিঙ্গা পরিবারকে অন্তর্ভুক্ত করা হয়। সমীক্ষায় দেখা যায়, দীর্ঘমেয়াদি বা ক্রনিক ব্যাধিতে আক্রান্ত পরিবারের হার ২০২৪ সালের ১৯.২ শতাংশ থেকে বেড়ে ২০২৫ সালে ৩২.৫ শতাংশে পৌঁছেছে। অন্যদিকে, শিশুদের নিয়মিত টিকাদান অসম্পূর্ণ থাকার হার দাঁড়িয়েছে ২৭.৮ শতাংশে এবং গর্ভবতী নারীদের গর্ভকালীন সেবা গ্রহণের হার আশঙ্কাজনকভাবে কমে নেমে এসেছে ৩৫ শতাংশে।

২০২৫ ও ২০২৬ সালেও ডেঙ্গু ও হাম ছিল স্বাস্থ্যখাতের সবচেয়ে বড় উদ্বেগ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী, ২০২৬ সালের জুলাই পর্যন্ত ক্যাম্পগুলোতে মোট ২ হাজার ২৪২টি হামের প্রাদুর্ভাব রেকর্ড করা হয়েছে, যাতে প্রাণ গেছে ১০ জন রোহিঙ্গা শিশুর। হামের পরিস্থিতি সামলাতে কক্সবাজার জেলা হাসপাতালে একটি ২০ শয্যার বিশেষায়িত আইসোলেশন ও ট্রিটমেন্ট ওয়ার্ড চালু করা হয়েছে, যেখানে ১,৯৪৬ জন সন্দেহভাজন হাম আক্রান্ত রোগীকে নিবিড় সেবা দেওয়া হয়।

ক্যাম্প-২৫ ছাড়া ভাসানচরসহ প্রায় সব ক্যাম্পেই ল্যাব-পরীক্ষিত হামের প্রাদুর্ভাব শনাক্ত করা হয়েছিল। পরবর্তীতে বিশেষ টিকাদান অভিযানের পর রোগী ও হাসপাতালে ভর্তির হার কিছুটা কমতে শুরু করে। অন্যদিকে, ডেঙ্গু পরিস্থিতিও বেশ ভয়াবহ। ডব্লিউএইচও-এর তথ্যানুযায়ী, ২০২৬ সালের কেবল জুলাই মাসেই ৭৫০টি 'জউঞ-পজিটিভ' ডেঙ্গু রোগী শনাক্ত হয়, যা জুন মাসের তুলনায় প্রায় চার গুণ বেশি। ২০২৬ সালের জুলাই পর্যন্ত মোট আরডিটি-পজিটিভ ডেঙ্গু রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১,৩৬৪ জনে।

বর্তমানে ডেঙ্গু, হাম, নিয়মিত টিকাদান এবং বর্ষাকালীন স্বাস্থ্য প্রস্তুতিই মানবিক সংস্থাগুলোর প্রধান অগ্রাধিকার। চলতি বছরে ০ থেকে ১১ মাস বয়সী ৬৫ হাজার ৮০০ শিশুকে নিয়মিত রুটিন ইমিউনাইজেশনের আওতায় পেন্টাভ্যালেন্ট-৩ টিকা দেওয়া হয়েছে। পাশাপাশি ক্যাম্পের ৬৭ হাজার শিশুকে জরুরি হাম ও রুবেলার টিকা দেওয়া হয়।

কক্সবাজারে বিশ্ব স্বাস্থ্য সংস্থার জরুরি স্বাস্থ্য পরিস্থিতি ও প্রাদুর্ভাব মোকাবিলা কার্যক্রমের প্রধান ডা. নু নগুয়েন ট্রান মিন বলেন, 'রোহিঙ্গা শিবিরগুলোতে অনেক মানুষকে অত্যন্ত ঘিঞ্জি পরিবেশে বসবাস করতে হয়। এর ওপর এক শিবির থেকে অন্য শিবিরে মানুষের অবারিত চলাচল রয়েছে। ফলে হামসহ যেকোনো সংক্রামক ব্যাধি অত্যন্ত দ্রুত ছড়িয়ে পড়ার ঝুঁকি থাকে। তদুপরি অনেক শিশুর শরীরে প্রয়োজনীয় রোগ প্রতিরোধক্ষমতার তীব্র ঘাটতি রয়েছে। সবমিলিয়ে সংক্রামক রোগের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করা এখানে এক বিরাট চ্যালেঞ্জ। তিনি আরও বলেন, 'কোনো শিশু সংক্রামক রোগে আক্রান্ত হওয়া মাত্রই তা দ্রুত শনাক্ত করা জরুরি। একই সঙ্গে হাসপাতালগুলোকে রোগীর চাপ সামলাতে প্রস্তুত রাখতে হবে এবং টিকাদানের হার সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে হবে। নিয়মিত টিকাদান নিশ্চিত করা গেলে শিশুদের নিরাপত্তা বলয় যেমন বাড়বে, তেমনি অন্যের মধ্যে রোগ ছড়িয়ে পড়ার ঝুঁকিও অনেকাংশে কমে আসবে।

শিশুর নিরাপদ জন্মে আশা জাগাচ্ছে মাতৃ ও শিশু হাসপাতাল

রোহিঙ্গা ক্যাম্পের শিশুদের জীবন কেবল রোগব্যাধি কিংবা অকাল মৃত্যুর আশঙ্কায় বন্দি নয়; সেবা ব্যবস্থার ইতিবাচক অগ্রগতিতে উঁকি দিচ্ছে নতুন আশার আলোও।

এমনই এক দৃষ্টান্ত শিরিন নামের এক রোহিঙ্গা তরুণী। সন্তান প্রসবের সময় মারাত্মক জটিলতার মুখোমুখি হন তিনি। দীর্ঘ প্রসবযন্ত্রণার একপর্যায়ে গর্ভস্থ শিশুর হৃদস্পন্দন অনিয়মিত হয়ে পড়ে, অ্যামনিওটিক তরল বিপজ্জনকভাবে কমে যায় এবং শিরিনের রক্তচাপ হু হু করে বাড়তে থাকে। চরম আশঙ্কাজনক পরিস্থিতি বিবেচনা করে চিকিৎসকেরা দ্রুত সিজারিয়ান অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেন। ২০২৬ সালের জুনে সেভ দ্য চিলড্রেন পরিচালিত নতুন মাতৃ ও শিশু হাসপাতালে সফল এই অস্ত্রোপচারের মাধ্যমে জন্ম নেয় ফুটফুটে এক নবজাতক। বিশেষায়িত ৫৯ শয্যার এই আধুনিক হাসপাতালে জরুরি প্রসূতি সেবা, নবজাতকের নিবিড় চিকিৎসা, স্বাস্থ্য স্থিতিশীলকরণ ইউনিট (ঝঃধনরষরুধঃরড়হ টহরঃ), প্রসবপূর্ব সেবা, পুষ্টি সহায়তা এবং সহিংসতার শিকার নারী-শিশুদের বিশেষ মানসিক সেবা দেওয়ার ব্যবস্থা রয়েছে।

সেভ দ্য চিলড্রেনের কক্সবাজার এরিয়া ডিরেক্টর গোলাম মোস্তফা জানান, ক্যাম্পের একেবারেই কাছে বিশ্বমানের বিশেষায়িত সেবা নিশ্চিত করা সম্ভব হলে জটিল প্রসবের সময় মা ও শিশুর প্রাণহানির ঝুঁকি বহুগুণ কমিয়ে আনা যায়। তিনি বলেন, 'শিরিনের কোলে জন্ম নেওয়া এই শিশুটি কেবল একটি পরিবারের নতুন সদস্য নয়; এটি প্রমাণ করে দীর্ঘস্থায়ী শরণার্থী সংকটের মতো বাস্তবতায়ও বিশেষায়িত স্বাস্থ্য পরিকাঠামো গড়ে তোলা গেলে কোমলমতি শিশুদের বেঁচে থাকার সম্ভাবনা বাড়িয়ে দেওয়া সম্ভব।'

ইউনিসেফের ২০২৬ সালের অর্ধবার্ষিকীর (বাংলাদেশ মানবিক পরিস্থিতি) প্রতিবেদন অনুযায়ী, তাদের সমর্থিত স্বাস্থ্যকেন্দ্রগুলোতে ৪ হাজারের বেশি শিশুর নিরাপদ প্রসব সম্পন্ন হয়েছে, যা মা ও নবজাতকের সুস্থতা ও সুরক্ষায় বড় ভূমিকা রাখছে। প্রতিবেদনের পরিসংখ্যান বলছে, মোট ৪ হাজার ১৭৮টি নিরাপদ প্রসবের মধ্যে রোহিঙ্গা শিবিরে ১,৬৭৩টি (৮০৯ কন্যা ও ৮৬৪ পুত্র) এবং আশপাশের স্থানীয় জনগোষ্ঠীর (হোস্ট কমিউনিটি) মধ্যে ২,৫০৫টি (১,২৪০ কন্যা ও ১,২৬৫ পুত্র) শিশু স্বাস্থ্যকেন্দ্রে নিরাপদে জন্ম নিয়েছে। এর বাইরে ক্যাম্পের ৩২৫ জন মুমূর্ষু নবজাতককে বিশেষায়িত সেবা ইউনিট বা 'স্ক্যানু' (ঝঈঅঘট - ঝঢ়বপরধষ ঈধৎব ঘবনিড়ৎহ টহরঃ)-তে রেখে জীবনরক্ষাকারী চিকিৎসা দেওয়া হয়েছে। একই সময়ে মেয়াদের আগেই জন্ম নেওয়া (ঢ়ৎবঃবৎস), কম ওজনের এবং গুরুতর অসুস্থ ৫৩০ জন নবজাতককে বিশেষায়িত 'নিউবর্ন স্ট্যাবিলাইজেশন ইউনিট'-এ নিবিড় চিকিৎসার মাধ্যমে সুস্থ করে তোলা হয়েছে।

চাঁদপুরে ফিজিওথেরাপি ডাক্তার ও ডিপ্লোমা দ্বারা পরিচালিত

সেবা — ব্যথা মুক্ত সুস্থ জীবন...

ফিজিওথেরাপি সেন্টার

(বাত-ব্যথা ও প্যারালাইসিস্ চিকিৎসা কেন্দ্র)

সেবা সমূহ: ইলেক্ট্রোথেরাপি | ম্যানুপুলেশন থেরাপি | আকুপাংচার | অর্থোসিস্ ও প্রস্থেসিস্ | হিজামা চিকিৎসা | ফিজিও জিম

রোগীর থাকার ব্যবস্থা আছে

চাঁদপুর: স্টেডিয়াম রোড, বক্ষব্যাধি হাসপাতালের বিপরীত পার্শ্বে, চাঁদপুর।
ফরিদগঞ্জ: বাস স্ট্যান্ড, লিংক রোড (সেন্ট্রাল হসপিটালের পিছনে) ফরিদগঞ্জ, চাঁদপুর।
হাজীগঞ্জ: পশ্চিম বাজার (আল-কাউছার ফুড সংলগ্ন) হাজীগঞ্জ, চাঁদপুর।
রায়পুর: পৌরসভা রোড (এস এ পরিবহন সংলগ্ন) রায়পুর, লক্ষীপুর।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইলঃ ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডা: মো: সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন), পজিটি (রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী,প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডা: দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবি: থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ:
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান